banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

GRAB YOUR DREM JOB
IN 2019-20
WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk • Sonarpur

বর্ষ ৩৯ সংখ্যা ২৫ কলকাতা বুধবার, ২৩ জানুয়ারি ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৯ মাঘ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

### স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে ভারত সরকারের সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, ভারতীয় ডাকবিভাগ, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট, সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন, ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল)-এর মতো বিভিন্ন কেন্দ্রীয় বিভাগ ও সংস্থায়। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট শাখায়। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। একটি সর্বভারতীয় পরীক্ষা 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স এক্সমিনেশন, ২০১৮'র মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

**বয়স:** সাধারণত সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) ও সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হয়। ভারতীয় ডাকবিভাগে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) এবং মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে থাকতে হবে। মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল), ফরাক্কা ব্যারেজ প্রজেক্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল), সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) এবং ডিরেক্টোরেট অব কোয়ান্টিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল)

এরপর সাতের পাতায়

### রাজ্য স্বাস্থ্য দপ্তরে

## ৮১৯ গ্র্যাজুয়েট

৮১৯ জন ফেসিলিটি ম্যানেজার (গ্রেড থ্রি) নেবে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: R/F.Mgr./62(1)/2019.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪২৪, তফসিলি জাতি ১৮১, তফসিলি উপজাতি ৪৯, ও বি সি-এ ৮২, ও বি সি-বি ৫৮, দৈহিক প্রতিবন্ধী ২৫।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৩৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৬০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে

এরপর সাতের পাতায়

### কলকাতা পুলিশে

## ২৫০ সিভিক ভলান্টিয়ার

২৫০ জন সিভিক ভলান্টিয়ার নেবে কলকাতা পুলিশ। নিয়োগ করা হবে ওয়্যারলেস ব্রাঞ্চ, কলকাতা হোম গার্ড অর্গানাইজেশন, নর্থ অ্যান্ড নর্থ সাবার্বান ডিভিশন এবং ইস্টার্ন সাবার্বান ডিভিশনে। প্রথমে ২ সপ্তাহের ট্রেনিং। মহিলারাও আবেদন করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: FRC/Recruit/01/2019.

**শূন্যপদের বিবরণ:** ওয়্যারলেস ব্রাঞ্চ: ৬০টি, কলকাতা হোম গার্ড অর্গানাইজেশন: ১০০টি, নর্থ অ্যান্ড নর্থ সাবার্বান ডিভিশন: ৫০টি, ইস্টার্ন সাবার্বান ডিভিশন: ৪০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। খেলাধুলায় পারদর্শী হলে এবং এন সি সি ক্যাডেট বা বয় স্কাউট বা এন এস এস গাইড বা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। এছাড়া ওয়্যারলেস ব্রাঞ্চের ক্ষেত্রে প্রার্থীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে ও মোটর মেকানিক হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। হোম গার্ড অর্গানাইজেশনের ক্ষেত্রে সিকিউরিটি

এরপর সাতের-পাতায়

## বাছাই প্রক্রিয়া শেষ, রাজ্যের স্কুলে ২২৬৭৮ শূন্যপদে নিয়োগ শীঘ্রই

**নিজস্ব প্রতিনিধি:** সহ-শিক্ষক, প্রধানশিক্ষক, ক্লার্ক ও গ্রুপ 'ডি' কর্মী মিলিয়ে মার্চ মাসের মধ্যে রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ২২,৬৭৮ জনের চাকরি হবে। নিয়োগ-প্রক্রিয়া শুরু হয়েছিল আগেই। প্রার্থী বাছাইয়ের কাজও সারা হয়ে গিয়েছে। ১৫ জানুয়ারি স্কুল সার্ভিস কমিশনের সদরদপ্তর আচার্য ভবনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান কমিশনের নতুন চেয়ারম্যান সৌমিত্র সরকার।

সৌমিত্রবাবু জানান, একাদশ ও দ্বাদশ শ্রেণির অ্যাসিস্ট্যান্ট টিচারের ৫,৭১১টি শূন্যপদের মধ্যে ৪,৮৮৯টি শূন্যপদের জন্য ইতিমধ্যেই সুপারিশ-তালিকা ছাড়া হয়েছে। বাকি ৮২২টি শূন্যপদের জন্য যোগ্য প্রার্থী পাওয়া যায়নি। মাধ্যমিক স্তরের জন্যও প্রথম দফায় অ্যাসিস্ট্যান্ট টিচারের ৬,৫২৪টি শূন্যপদে নির্বাচিতদের তালিকা মধ্যশিক্ষা পর্ষদে পাঠানো হয়েছে।

এরপর সাতের পাতায়

## কোস্টগার্ডে যান্ত্রিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু যান্ত্রিক নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০১৯ ব্যাচে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থী, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি

এরপর সাতের পাতায়

## ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনে ২০৭ ট্রেনি

### গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

২০৭ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এন টি পি সি)। নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ও মাইনিং শাখায় ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ ট্রেনি পদে। প্রার্থীকে ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/18.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ:** **মেকানিক্যাল:** ৯৫টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৫)। **ইলেক্ট্রিক্যাল:** ৪৭টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০)। **মাইনিং:** ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইলেক্ট্রনিক্স ও ইনস্ট্রুমেন্টেশন:** ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৪ বছরের ব্যাচেলর্স ডিগ্রি। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। শাখা-সহ গেট পত্রগুলি হল: মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা প্রোডাকশন বা ইন্ডাস্ট্রিয়াল বা প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল বা থার্মাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক, সেই সঙ্গে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই) বিষয়ে গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ বা পাওয়ার ইলেক্ট্রনিক্স বা পাওয়ার

এরপর ষোলোর পাতায়

Institute of Management Technology
Centre for Distance Learning, Ghaziabad
IMT
www.imtcdl.ac.in



ELEVATE YOUR CAREER
Join India's sought after Distance Learning Management Programs

APPROVED BY AICTE
2 YEAR PGDM
Eligibility: Graduation in any discipline.

APPROVED BY AICTE
15 MONTHS PGDM (EXECUTIVE)
Eligibility: Graduation with full time work experience of minimum 3 years after graduation.

- Top Ranked Distance Learning Institution for Management Programs
- Curriculum Benchmarked with Global Institutions
- Highly Experienced Faculty
- 24X7 Access to On-Demand Learning
- 35,000+ plus Alumni across the Globe

Admissions Open for January 2019 Session
LIMITED SEATS
For Admission Enquiries Call: + 91-8130 774 775

IMT Centre for Distance Learning
Plot Y5, Block-EP, Sector-V, Salt Lake Electronics Complex, Kolkata-700091

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৯ সংখ্যা ২৫ □ ২৩ জানুয়ারি ২০১৯

## ই-মেল ঠিকানা

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**Required sales staff urgently For:-** Burdwan, Medinipur, Bankura, Purulia, Murshidabad, Nadia, Hooghly, Andal. Salary: 6,900/- + 160/day TA, DA. C.A Enter qualified or CA (From Kajora, Andal, Dakhinkhanda, Baktarnagar) Salary Negotiable. Cnt.: 85090-01948, 80160-90961. KEDIA ENTERPRISE, G.T ROAD, ANDAL MORE, ANDAL, WEST BURDWAN, 713 321, WEST BENGAL-INDIA.

□

**Pvt. Bank // Pharma & Retail** Dept. চাকরি। অফিসিয়াল পদের জন্য প্রচুর যোগ্য প্রার্থী চাই। সত্বর যোগাযোগ করুন। হাওড়া ও শিয়ালদহ: 96744-11851, বজবজ ও ঢাকুরিয়া: 99038-54218. 76, Ganguly St. Kol-12, MK Carrier & Services.

□

**Jio / SBI / Vodafone কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 11,800/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, মেদিনীপুর ও বর্ধমান: 96747-95345, উঃ ২৪ পরগনা ও দঃ ২৪ পরগনা: 70440-49492.

□

**Mio Amore Cake Shop-এ** উল্টোডাঙ্গা, বেলঘরিয়া, বিরাটি ব্রাঞ্চ-এ কাজের ছেলে/মেয়ে চাই। বয়স: ১৮-৪০। গ্রামের ছেলেদের জন্য থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। M: 99038-70460. Add: 85D Ultadanga Main Road, Kol-67.

□

**Pvt. ব্যাংকে চাকরি**
**Govt Reg-L/No. 650172**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী জব। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বেতন: 12,000/- – 36,000/-. এছাড়াও PF, ESI, বোনাস, থাকা, খাওয়া, যাতায়াত ফ্রি। শিমুরালি নদিয়া স্টেশন রোড, M: 90837-44113, R. P

□

**Salary 10400-19500**
3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া FREE. Acropolish Mall, Kol-107. Sonar Bangla, 86977-55628.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।
□□□
৬ ফেব্রুয়ারি কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**এয়ারপোর্ট ও মেট্রোতে**
**স্পট জয়েনিং**
গঃ ভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসের মাধ্যমে ডোনেশন ছাড়া M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 49,700/-. সত্বর যোগাযোগ করুন। D. L. C, সল্টলেক, কলি-64, (M): 83709-56124.

□

**BSNL/VODA/JIO**
কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Airport, মেট্রো ও ব্যাঙ্কে**
**স্থায়ী জব**
**M: 8370954324**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে 305 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-38, অন্যান্য সুবিধা। S. C. Pvt. Ltd., P/25 C.I.T. Rd, Kol-54.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
ব্যাঙ্কের Payroll ও ব্যাঙ্ক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling. ডানলপ-108.

□

**চাকরি পেতে একটি**
**ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- – 28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**JOB VACANCY**
www.gcagroup.co.in সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, DISH TV ও MNC -এর বিভিন্ন Official পদে (৪র্থ-স্নাতক) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: 13,200/- – 29,700/-) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। GCA, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7, (M): 77186-37129 / 95640-30192.

□

## কর্মখালি

**'আর্জেন্ট ভ্যাকান্সি'**
**এয়ারপোর্ট ও মেট্রোরেলে গভঃ**
**রেজিঃ সংস্থা R/L No. - 3791**
**M: 8371921244**
শূন্যপদ: 215, বয়স: 18-38 পুরুষ ও মহিলাপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 15,342-46,700/-. এছাড়া PF, ESI, OT বোনাস-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। S. C. P. L, C.I.T. Rd, Kol-54.

□

সল্টলেক চক্ষু হাসপাতালে সিকিউরিটির কাজে অভিজ্ঞ ও দক্ষ যুবক আবশ্যক। SUSRUT HB-36/A/1, SALT LAKE, KOL-106. যোগাযোগ: 90077-71872 / 99035-34261

## স্কুল-কলেজ শিক্ষা

কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং ও চাকরি**
**মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে,** প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 98043-21839.

□

**RAIL-এর ১৪০৩৩ Jr. ইঞ্জিঃ ও সায়েন্স** গ্রাজুয়েটদের জন্য Special ব্যাচ শুরু হচ্ছে। GIT: Jadavpur, Kol-32. (M): 80179-67323.

□

**ECG ও ফিজিওথেরাপি কোর্স**
**ECG, DPT (ফিজিও), DMLT** (প্যাথোলজি) RMP (হোমিও/অ্যালো), ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস-শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন গড়িয়া, কোল-৮৪, নফরচন্দ্র স্কুলের বিপরীতে। ফোন: 82729-11322 / 89813-66250.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**সুশ্রুত চক্ষু হাসপাতালে** ৬ মাস দৈনিক হাতে-কলমে বিনামূল্যে প্রশিক্ষণ (শুধুমাত্র মহিলা। বয়সসীমা: ১৮-৩০, যোগ্যতা: উচ্চমাধ্যমিক / স্নাতক উত্তীর্ণ। মাসিক স্টাইপেন্ড ও থাকার ব্যবস্থা আছে। এই বিজ্ঞাপন প্রকাশিত হওয়ার ১০ দিনের মধ্যে বায়োডাটা ছবি-সহ মেল করুন: csr.susrut@gmail.com যোগাযোগ: 90739-97720. SUSRUT-SALT LAKE, KOL-106.

## ব্যবসা-বাণিজ্য

অত্যন্ত লাভজনক ব্যবসা মাশরুম, মোমবাতি, আগরবাতি, ডিটারজেন্ট, ব্লু, ফিনাইল, পারফিউম, ফ্লোরাধূপ, ইত্যাদি তৈরির পরামর্শের জন্য S.S.I প্রতিভা। সাঁকরাইল, হাওড়া (মাশরুম ক্রয় বিক্রয় হয়। মাসিক আয় 20,000/-) আগরবাতি মাসিক আয় 35,000/-. 98311-52957

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# অভিজ্ঞ ড্রাইভার চাই

অন্তত ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন, দক্ষিণ কলকাতা-নিবাসী ড্রাইভার চাই। উত্তম বেতন। অভিজ্ঞতার পূর্ণ বিবরণ ও প্রত্যাশিত বেতন উল্লেখ করে আবেদন করুন নীচের ঠিকানায়। বক্স নং ১৮০১, 'কর্মক্ষেত্র', কলকাতা-৭০০ ০১৯। ফোন: ৯৮৩০২-৪৫৫৫৪

# কর্মক্ষেত্র

## শিক্ষানবিশ সাংবাদিক চাই

প্রথম শ্রেণি বা উচ্চ দ্বিতীয় শ্রেণির অনার্স অথবা পোস্ট-গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা ইংরেজি ভাষার সম্যক জ্ঞান ও সাবলীল বাংলা লেখার দক্ষতা থাকলে স্কুল ও কলেজের নাম এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর উল্লেখ করে আবেদন করুন। আবেদনপত্রের সঙ্গে মার্কশিট, সার্টিফিকেট ইত্যাদির কোনওরকম কপি পাঠাবেন না।
২৭ বছরের মধ্যে বয়স থাকা চাই। খামের ওপর লিখবেন 'শিক্ষানবিশ সাংবাদিক'। ই-মেল করলে সাবজেক্ট লাইনে 'Trainee Journalist' কথাটি অবশ্যই লিখবেন।
উপযুক্ত অভিজ্ঞতা ও অসাধারণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের রিপোর্টার/সাব-এডিটর পদে সরাসরি নিয়োগ করা যেতে পারে।
আবেদনপত্র ৭ দিনের মধ্যে পাঠান। এই ঠিকানায়:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: swarnakshar.prakasani@gmail.com

# কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**বইমেলায় ৪৫৫নং স্টলে**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৪০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹২০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# লাড্ডু তৈরির স্বয়ংক্রিয় মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: লাড্ডু ছোট-বড় সকলেরই অতি প্রিয় মিষ্টি। সারা-বছরই এর চাহিদা থাকে। যে-কোনও মিষ্টির দোকানে যেমন এই মেশিনের চাহিদা আছে, তেমনই নিজেও এই মেশিন কিনে লাড্ডু তৈরি করে দোকানে বা উৎসব-অনুষ্ঠানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** লাড্ডু তৈরি করতে উপকরণ হিসেবে পরিমাণ-মতো বেসন, চালের গুঁড়ো, চিনি, খাবার সোডা ও পাঁচমিনার রং (খাবারে দেওয়ার রং, এটি সরকার স্বীকৃত) লাগবে। প্রথমে প্রয়োজনমতো বেসন ঘন করে জলে গুলে নিতে হবে। এরপর তার সঙ্গে পরিমাণমতো চালের গুঁড়ো ও খাবার সোডা মিশিয়ে নিন। তারপর এই মিশ্রণটি খাঁটি ঘি-তে হালকা করে ভেজে নিতে হবে। ভাজা হয়ে গেলে সেই গরম মিশ্রণটি চিনির রসে ডুবিয়ে রাখুন। আধঘণ্টা পর বড় ছাঁকনিতে করে চিনির রস ভালো করে ছেঁকে নিয়ে মেশিনে দিয়ে দিন। ছোট, বড়, মাঝারি, কী মাপের লাড্ডু বানাতে চান তার জন্য মেশিনে নির্দিষ্ট রেগুলেটর আছে। আপনার পছন্দমতো ও চাহিদামতো মাপের লাড্ডু বানাতে রেগুলেটর অন করলেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে লাড্ডু তৈরি হয়ে বেরিয়ে আসতে থাকবে। এই মেশিনে ১ মিনিটে ৬০-৭০টি লাড্ডু তৈরি হতে পারে। এই মেশিনটি চালাতে ১ হর্সপাওয়ার মোটর লাগবে।

**কোন মেশিনের কী দাম:** সম্পূর্ণ স্বয়ংক্রিয় লাড্ডু তৈরির এই মেশিনটির দাম ২ লক্ষ ৬০ হাজার টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

প্রতিষ্ঠানে নিখরচায় লাড্ডু তৈরির প্রশিক্ষণ দিয়ে দেওয়া হবে।

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মাছের চাষ শিখতে চাই। কোথায় শেখানোর ব্যবস্থা আছে? —প্রদীপ মণ্ডল, মসলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে মাছ চাষ ও প্রজননের প্রশিক্ষণ দেওয়া হয়। ১ মাসের প্রশিক্ষণ। যোগাযোগের ঠিকানা: বয়স্ক শিক্ষাকেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া-৭৪১ ২৩৫। ফোন: ৯৪৩৩৩-৪৩৩৮৬, ২৫৮০-৮৩৭১।

রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির সময়ে সময়ে বিভিন্ন জেলায় মাছচাষের স্বল্পমেয়াদি প্রশিক্ষণের আয়োজন করে থাকে। প্রশিক্ষণের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় সে-খবর জানানো হয়।

□ *কম্পিউটার ফার্নিচার বিপণনের ব্যাপারে সরকারি সহায়তা পাওয়া যেতে পারে কি? কোন সরকারি বিভাগে যোগাযোগ করলে এ ব্যাপারে তথ্য পাওয়া যেতে পারে? —তুহিন সামন্ত, শিবপুর, হাওড়া।*

□□ তথ্যের জন্য আপনি পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগমে যোগাযোগ করতে পারেন। প্রসঙ্গত, রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থা যে-সব সরঞ্জাম কিনে থাকে, তার মধ্যে কম্পিউটার-সংক্রান্ত আসবাবপত্রও রয়েছে। পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম যে-সব সরঞ্জাম বিপণনের ব্যাপারে সহায়তা করে থাকে তার মধ্যে কম্পিউটার ফার্নিচারও রয়েছে।

নিগমের মার্কেটিং বিভাগের ঠিকানা: ৩১, ব্ল্যাক বার্ন লেন, তৃতীয় তল, শিল্পভবন, কলকাতা-১২। ফোন: ২২৩৭-০৩০৩। ওয়েবসাইট: www.wbsidd.com

□ *আমি ভেষজ উদ্ভিদের চাষ করি। বিপণনের ব্যাপারে সমস্যায় পড়ছি। রাজ্যের আয়ুর্বেদিক পণ্য প্রস্তুতকারী সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করতে পারলে হয়তো একটা উপায় হতে পারে। সংস্থাগুলির কোনও তালিকা পাওয়া সম্ভব কি? —সুধাংশু মণ্ডল, রানাঘাট, নদিয়া।*

□□ ইউনানি ওষুধ ও অন্যান্য সামগ্রী প্রস্তুতের ক্ষেত্রেও ভেষজ উদ্ভিদের দরকার হয়। পশ্চিমবঙ্গের লাইসেন্স-প্রাপ্ত ১৯১টি আয়ুর্বেদিক এবং ১২টি ইউনানি পণ্য প্রস্তুতকারক সংস্থার নাম-ঠিকানার তালিকা পাবেন পশ্চিমবঙ্গ রাজ্য ভেষজ উদ্ভিদ পর্যদের এই ওয়েবসাইটে: www.wbhealth.gov.in/wbsmpb প্রয়োজনে পর্ষদের অফিসেও যোগাযোগ করতে পারেন। ঠিকানা: চতুর্থ তল, সেন্ট্রাল গ্লাস ব্যাঙ্ক বিল্ডিং, ২০৫, বিবেকানন্দ রোড, কলকাতা-৬। ফোন: ২৩৫০-৪৬৬৮।

□ *ভালো মানের একটি রেস্তোরাঁ খোলার জন্য ট্রেড লাইসেন্স ছাড়াও অন্য কী কী লাইসেন্সের দরকার হতে পারে? —প্রসেনজিৎ জানা, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ফুড সেফটি লাইসেন্স এবং হেলথ ট্রেড লাইসেন্স দু'টি অতি আবশ্যিক লাইসেন্স। ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অব ইন্ডিয়া এই লাইসেন্সটি মঞ্জুর করে। আপনার অঞ্চলের পুরসভা অথবা রাজ্যের স্বাস্থ্য বিভাগ থেকে হেলথ লাইসেন্স সংগ্রহ করতে হবে। এ ছাড়াও সংগ্রহে রাখতে হবে অগ্নিনির্বাপণ বিভাগের নো-অবজেকশন সার্টিফিকেট, পুলিশ কর্তৃপক্ষের কাছ থেকে নেওয়া ইটিং হাউস লাইসেন্স। শপ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট অনুসারে রেস্তোরাঁ খোলার ৩০ দিনের মধ্যে এই লাইসেন্সটি হাতে পাওয়ার দরকার হয়। এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স সার্টিফিকেটেরও দরকার রয়েছে। রেস্তোরাঁর লোগো, নাম ইত্যাদির প্রচারের জন্য সিগনেজ লাইসেন্সের দরকার। আঞ্চলিক পুরসভা থেকেই এই লাইসেন্স সংগ্রহ করা যায়। রেস্তোরাঁয় অতিরিক্ত সুযোগ-সুবিধা যুক্ত হলে সংশ্লিষ্ট ক্ষেত্রের লাইসেন্সের দরকার হবে।

□ *দস্তানা তৈরির জন্য বিভিন্ন রকমের কাঁচামাল পাওয়া যাবে কোথা থেকে? —হিমাদ্রিশেখর চক্রবর্তী, শিবপুর, হাওড়া।*

□□ কাছাকাছি এমন বাজার কার্যত পাওয়া যাবে না। বিদেশের বিভিন্ন সংস্থা দস্তানা তৈরির কাঁচামাল সরবরাহ করে। চিন, ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ার প্রচুর সংস্থা দস্তানা তৈরির কাঁচামাল সরবরাহ করে থাকে। সংস্থাগুলির হদিশ পাবেন এই ওয়েবসাইটে: www.alibaba.com/raw materials for gloves তথ্যের প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এম এস এম ই— ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, কলকাতা, ১১১ ও ১১২, বি টি রোড, কলকাতা-১০৮। ফোন: ২৫৭৭-০৫১৫, ২৫৭৭-০৫১৭। ওয়েবসাইট: www.msmekolkata. gov.in

□ *বিভিন্ন ভেষজ উপকরণ ব্যবহার করে হ্যান্ড-স্যানিটাইজার বা হাত জীবাণুমুক্ত করার লিকুইড তৈরি করতে চাই। কোথায় প্রশিক্ষণ পাওয়া যেতে পারে? ছোট আকারের ব্যবসার জন্য কত পুঁজির দরকার হতে পারে? এ ধরনের জীবাণু-নাশক তৈরির জন্য কী কী ভেষজ উপকরণ ব্যবহার করা যায়? এ ব্যাপারে একটা ধারণা পেলে সুবিধা হয়। —প্রতাপ হাজরা, লিলুয়া, হাওড়া।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে হাত পরিষ্কার করার ভেষজ জীবাণুনাশক তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। প্রতিষ্ঠানের কর্ণধার সোমনাথ রায়চৌধুরী জানাচ্ছেন, নিম অয়েল, পাইন অয়েল, ভেষজ সুগন্ধী ইত্যাদির মিশ্রণে এ ধরনের জীবাণুনাশক তৈরি হতে পারে। তিনি জানান, ২০ হাজার টাকার পুঁজি নিয়েই ব্যবসায় নামা যায়। মেশিনপত্রের দরকার হয় না।

স্বল্পমেয়াদি প্রশিক্ষণ। ৫-৭ দিনের মধ্যেই তৈরির পদ্ধতি শিখে নেওয়া যায়। ফি ২-৩ হাজার টাকা। প্রশিক্ষণের জন্য যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

# ন্যাশনাল সিডস কর্পোরেশনে ২৪৭ ট্রেনি

২৪৭ জন ট্রেনি নেবে ন্যাশনাল সিডস কর্পোরেশন। প্রশিক্ষণ দেওয়া হবে সংস্থার কর্পোরেট অফিস, রিজিওনাল অফিস এবং ফার্মে, এগ্রিকালচার, মার্কেটিং, কোয়ালিটি কন্ট্রোল-সহ বিভিন্ন শাখায়।

**আসনসংখ্যার বিবরণ: সিনিয়র ট্রেনি:** এগ্রিকালচার: ৪৯টি। কোয়ালিটি কন্ট্রোল: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন ও ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। হিউম্যান রিসোর্স: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা লেবার ওয়েলফেয়ারে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা অথবা সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি। সব ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। লজিস্টিক্স: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লজিস্টিক্স অ্যান্ড সাপ্লাই চেন ম্যানেজমেন্টে এম বি এ। অথবা এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। স্নাতক ও স্নাতকোত্তরে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ২৩,৯৩৬ টাকা।

**ট্রেনি:** এগ্রিকালচার: ৪৫টি। মার্কেটিং: ৩২টি। এগ্রি স্টোর্স: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি। টেকনিশিয়ান: ১৬টি (ডিজেল মেকানিক ৬, মেশিনম্যান ৩, অটো ইলেক্ট্রিশিয়ান ৪, ওয়েল্ডার ২, ব্ল্যাকস্মিথ ১)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আই টি আই কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এন সি ভি টি পরিচালিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি) পরীক্ষাতেও পাশ করে থাকতে হবে। ডিজেল মেকানিকের ক্ষেত্রে ট্রাক্টর মেকানিক ট্রেডে আই টি আই পাশরাও উপরোক্ত অন্যান্য যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য। স্টোর্স (ইঞ্জিনিয়ারিং): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। স্টেনোগ্রাফার: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর এবং স্টেনোগ্রাফি-সহ অফিস ম্যানেজমেন্টে ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে স্টেনোগ্রাফিতে সার্টিফিকেট কোর্স পাশ। কম্পিউটার অপারেশন (এম এস অফিস-সহ) এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ে দক্ষতা থাকা চাই। তাছাড়া হিন্দি ভাষায় কাজ চালানোর মতো দক্ষতা এবং কমিউনিকেশন স্কিল থাকা চাই। এর পাশাপাশি প্রার্থীর শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কোয়ালিটি কন্ট্রোল: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি।

বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১৮,৪৯৬ টাকা।

**ট্রেনি মেট:** এগ্রিকালচার: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার শাখায় উচ্চমাধ্যমিক পাশ। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকতে হবে। এগ্রিকালচার-সম্পর্কিত কাজে জ্ঞান ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১৭,৯৫২ টাকা।

**ম্যানেজমেন্ট ট্রেনি:** প্রোডাকশন: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে এগ্রিবিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। অথবা অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন এবং ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। মার্কেটিং: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে মার্কেটিং বা এগ্রিবিজনেস ম্যানেজমেন্টে এম বি এ বা স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। কোয়ালিটি কন্ট্রোল: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি।

বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড প্রতি মাসে ৪৩,৫২০ টাকা।

সব ক্ষেত্রেই এম এস অফিস ব্যবহারের জ্ঞান থাকতে হবে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা বয়সের ছাড় পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indiaseeds.com আবেদনের শেষ তারিখ ৯ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা*
*Source: Average Issue Readership, IRS 2017
চারদশক ধরে পথপ্রদর্শক

banglajobgude.bogspot.com     Join http://t.me/BanglaJobGude     http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*কোনও একটি কাজ করতে গিয়ে আমি যথাসাধ্য করেছি বা করছি কথাগুলো বলার কোনও মানে হয় না; কাজটি করে ফেলতে হবে। তবেই তুমি সফল।*
*— উইনস্টন চার্চিল*
*(ব্রিটেনের প্রাক্তন প্রধানমন্ত্রী)*

✓ *বি এ-র দ্বিতীয় বর্ষে পড়ছি। কম্পিউটার টাইপিং জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্সও করেছি। চাকরির খুবই প্রয়োজন রয়েছে। চাকরির খবর দেবেন।*
*বিশ্বজিৎ পুরকায়স্থ, কাঁথী, পূর্ব মেদিনীপুর।*

☐ টাইপিং জানা থাকায় কিছু চাকরির ক্ষেত্রে আপনার সুবিধা হবে। কলেজের পড়াশোনা করতে করতেই টাইপিং প্র্যাক্টিস করছেন, ফলে ধরে নেওয়া যায়, টাইপিংয়ের প্রয়োজন হয় এমন চাকরির উপরে আপনি গুরুত্ব দিতে চান। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। একইসঙ্গে টাইপিংয়ের অনুশীলনও জারি রাখতে হবে। দ্রুত গতির সঙ্গে নির্ভুল টাইপিংয়ের উপরও গুরুত্ব দেবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। টাইপিং জানতে হবে। জানতে হবে কম্পিউটারের ব্যবহারও। মাইক্রোসফট্ অফিস ও ট্যালি জানা থাকলে অগ্রাধিকার। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A2/C/1/2019. প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৫ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No.: 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। টাইপিং জানতে হবে। জানতে হবে কম্পিউটারের ব্যবহারও। মাইক্রোসফট্ অফিস ও ট্যালি জানা থাকলে অগ্রাধিকার।

হুগলি জেলা আদালতে কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'হুগলি জেলা আদালতে ক্লার্ক, গ্রুপ 'ডি' ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৯ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hooghly.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রেলে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদের চাকরির জন্য আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

✓ *কেমিস্ট্রি অনার্সের গ্র্যাজুয়েট। চাকরির জন্য পড়াশোনা করছি। চাকরির খোঁজ চাই।*
*রাজর্ষি মুখোপাধ্যায়, বেহালা, কলকাতা।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। পছন্দ অনুসারে চাকরি বাছাই করে সেগুলির পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'নিউক্লিয়ার পাওয়ারে ১৬২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৩১ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KAKRAPAR GUJARAT SITE/HRM/02/2018.

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় আপনি সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। একটু সময় নিয়ে প্রস্তুতি নেওয়ার সুযোগ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসার কথা ভাবতে পারেন। স্নাতকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করার সুযোগ আছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে প্রবেশনারি অফিসার, ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। তবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের যোগ্যতা নির্ধারক পরীক্ষায় সফল হতে হবে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদের ক্ষেত্রে অবশ্য এই পরীক্ষায় বসার দরকার নেই। প্রার্থী বাছাই করেন ব্যাঙ্ক কর্তৃপক্ষই। রেলের অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন।

✓ *উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৮-য়। বর্তমানে ফিজিক্স অনার্স পড়ছি। সামরিক বাহিনীতে চাকরির ইচ্ছা। আমার উচ্চতা ১৫৮ সেমি। আমি সামরিক বাহিনীর কোন কোন পদে আবেদন করতে পারব?*
*স্নেহাশিস ভৌমিক, বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ সামরিক বাহিনীতে অফিসার ক্যাডারে চাকরির সুযোগ আছে।

-***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে ৩৯২জন অফিসার নিয়োগ করা হবে আর্মি, নেভি ও এয়ারফোর্সে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই আর্মির চাকরির জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অন্যতম দুটি বিষয় হিসেবে ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে পড়লে নেভি ও এয়ারফোর্স শাখায় আবেদন করা যাবে। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে চলেছেন, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ জানুয়ারি সংখ্যায় 'তিন সামরিক বাহিনীতে কয়েকশো অফিসার এবং 'কর্মক্ষেত্র'-র এ সংখ্যায় 'তিন সামরিক বাহিনীতে ৩৯২ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৪ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in আপনি আবেদন করতে পারেন।

কোস্টগার্ডে কিছু নাবিক (জেনারেল ডিউটি) নেওয়া হবে। উচ্চমাধ্যমিকে দুটি প্রধান বিষয় হিসেবে অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকলে আবেদন করা যাবে। তবে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৩১ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

✓ *আমি একজন পাস-গ্র্যাজুয়েট। স্টেনোগ্রাফি জানি। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। স্টেনোগ্রাফারের চাকরির খবর দেবেন।*
*অমিত দত্ত, বেলেঘাটা, কলকাতা।*

☐ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্টেনো-টাইপিস্ট পদে কিছু লোক নেওয়া হবে। শর্টহ্যান্ডে প্রতি মিনিটে অন্তত ১০০টি ইংরেজি শব্দ লেখার গতি এবং প্রতি মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। শর্টহ্যান্ড ও টাইপিংয়ের প্রয়োজনীয় গতি থাকলে আপনি আবেদন করতে পারেন। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A2/C/1/2019. প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৫ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No.: 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

কিছু ইংলিশ স্টেনোগ্রাফার নেবে হুগলি জেলা আদালত। মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড এবং মিনিটে ৩০টি শব্দের গতিতে টাইপ করার দক্ষতা থাকতে হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'হুগলি জেলা আদালতে ক্লার্ক, গ্রুপ 'ডি' ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৯ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hooghly.gov.in

***পরে আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারে প্রতিবছরই স্টেনোগ্রাফার নেওয়া হয় স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সময়ে সময়ে স্টেনোগ্রাফার নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। আছে আরও নানা ক্ষেত্রে স্টেনোগ্রাফারের চাকরির সুযোগ।

## কলেজে পড়তে পড়তেই নিজেকে প্রস্তুত করতে শুরু করুন



**ডঃ সমীরকুমার সামন্ত**
কৃষিবিজ্ঞানী, প্রাক্তন ডিরেক্টর (গবেষণা), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

এখন প্রচুর ছেলেমেয়ে সায়েন্স, আর্টস পড়েন। অনার্স পড়লে উচ্চশিক্ষার দরজাটা খোলা থাকে। তবে অনার্সে অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে তবেই উচ্চশিক্ষার সুযোগটা কাজে লাগানো যায়। যাঁরা ভবিষ্যতে গবেষণা করতে চাইবেন বা শিক্ষকতা করবেন তাঁরা স্নাতকোত্তর স্তরের পড়াশোনা করতেই পারেন। কিছু চাকরি আছে রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায়, যার জন্য স্নাতকোত্তর ডিগ্রির দরকার হয়। তবে সেই সব চাকরির সংখ্যা বেশি নয়।

পড়াশোনার পর্ব শেষ করার পরে মনোমতো একটা চাকরিই তো আপনাদের লক্ষ্য। তাহলে অনার্সের পরে উচ্চতর পড়াশোনার পরে চাকরির জন্য উদ্যোগী হবেন, নাকি অনার্সের পরেই চাকরির জন্য ঝাঁপাবেন সে-ব্যাপারে আগে থেকেই সিদ্ধান্ত নিন। গ্র্যাজুয়েশনের পরেই সরকারি বিভিন্ন চাকরির জন্য আবেদন করা যায়। নিজস্ব ঝোঁক ও ক্ষমতা বিচার করে চাকরি বাছাই করে নেওয়া যায় আগে থেকেই। আবার প্রবণতা ও সুযোগের মধ্যে যে সবসময় মেলবন্ধন ঘটবে, এমনটা না-ও হতে পারে। যেমন, আপনি হয়তো ডব্লু বি সি এস বা কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষা দিয়ে প্রশাসনিক চাকরি করতে চান। এই ধরনের চাকরির জন্য একটু লম্বা সময় ধরে প্রস্তুতি নিতে হয়। আপনার পক্ষে হয়তো প্রস্তুতির জন্য অতটা সময় দেওয়া সম্ভব হচ্ছে না। আমি বলব, মনের ইচ্ছেটাকে কিন্তু সম্মান জানাতেই হবে। আবার বাস্তব পরিস্থিতিটাকেও তো অমান্য করা চলে না। এক্ষেত্রে দৃঢ় মনোভাব ও ধৈর্যের দরকার হবে। আপনি কী করতে পারেন? অল্প সময়ের প্রস্তুতি নিয়ে যে-সব চাকরির পরীক্ষায় বসা যায়, সেরকম পরীক্ষাগুলিতেই বসুন। একটা চাকরি হোক। পায়ের নীচে দাঁড়াবার মতো একটা জায়গার ব্যবস্থা হোক। ইচ্ছের আলো কিন্তু নিভে যাবে না। নিভতে দেবেন না। জরুরি পরিস্থিতিটাকে সামলে নিয়ে ফের আপনার ইচ্ছেটাকে বাস্তবায়নের লক্ষ্যে উদ্যোগ নিন।

এবার আগের কথায় ফিরি। গ্র্যাজুয়েশনের পরেই চাকরির জন্য উদ্যোগী হবেন, এই সিদ্ধান্ত নিলে চাকরির পরীক্ষার প্রস্তুতি শুরু করে দিন আগে থেকেই। আপনার যোগ্যতায় কতরকমের চাকরি হতে পারে, সেই তথ্যটাও আপনার কাছে থাকতে হবে। 'কর্মক্ষেত্র' পত্রিকা থেকে এ ব্যাপারে আপনি প্রচুর সহায়তা পাবেন।

এবার আসি উচ্চশিক্ষায় আগ্রহীদের প্রসঙ্গে। যে-কোনও বিষয়েরই একজন গ্র্যাজুয়েটের তুলনায় একজন পোস্ট-গ্র্যাজুয়েট ছাত্র বা ছাত্রী সংশ্লিষ্ট বিষয়টিকে আরও ভালো করে জানবেন, এ তো আশা করাই যায়। কিন্তু সেটাই যথেষ্ট নয়। বিষয়টির গভীরে কতখানি ঢুকতে পেরেছেন, কতটা খুঁটিয়ে বিষয়টিকে জেনেছেন, সেটাই গুরুত্বপূর্ণ। অন্যথায় গবেষণা করা বা শিক্ষকতার পেশা অবলম্বন করাটা কঠিন হবে।

আবার শুধু নিজের বিষয়টিকেই জানলে চলবে না। প্রাত্যহিক গুরুত্বপূর্ণ ঘটনাবলি, সে-সবের সঙ্গে আপনার বিষয়টির সম্বন্ধ কী, সেগুলো জানবার চেষ্টা করতে হবে। এ প্রসঙ্গে একটা কথা বলি, কলেজ-বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করার জন্য বা রিসার্চ ফেলোশিপ পাওয়ার জন্য কলেজ সার্ভিস কমিশনের যোগ্যতা নির্ধারণের পরীক্ষা (সেট) বা ন্যাশনাল এলিজিবিলিটি টেস্টে (নেট) বসতে হয়। দু'টি পত্রের পরীক্ষা হয়। দ্বিতীয় পত্রে নিজস্ব বিষয়ের প্রশ্ন হয়। প্রথম পত্রে জেনারেল নলেজ, রিজনিং এবং অঙ্কেরও প্রশ্ন হয়। ওই জেনারেল নলেজের প্রশ্নের সঙ্গেই যুক্ত হয়ে থাকে কারেন্ট অ্যাফেয়ার্স-সংক্রান্ত জিজ্ঞাসা। ফলে এই বিষয়গুলির ক্ষেত্রেও একটা প্রস্তুতির দরকার থাকে।

অন্যান্য চাকরির ক্ষেত্রেও একজন এম এসসি, এম এ বা এম কম ডিগ্রিধারীর কাছ থেকে তাঁর বিষয়-সংক্রান্ত ভালো জ্ঞান আশা করা হয়।

সবশেষে বলব, আপনি গ্র্যাজুয়েটই হোন বা পোস্ট-গ্র্যাজুয়েট, আপনার লম্বা কার্যক্রমটি ছকে নিন আগেই। তাহলে মাঝপথে দিশাহারা হয়ে পড়তে হবে না। আর দিশা ঠিক থাকলে এবং সেইসঙ্গে প্রয়োজনীয় উদ্যোগ নিলে আপনার সফল না হওয়ার কারণ নেই।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন?
(যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও?
সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কমন ল অ্যাডমিশন টেস্ট ১২ মে



৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড স্নাতক এবং ১ বছর মেয়াদের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০১৯ আয়োজিত হবে ১২ মে (রবিবার)। এই পরীক্ষার মাধ্যমে কলকাতার দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেস-সহ সারা ভারতের ২১টি জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা বিকেল ৩টে থেকে ৫টা পর্যন্ত। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কম্প্রিহেনসন-সহ ইংরেজি (৪০ নম্বর), জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (৫০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর), লিগ্যাল অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (নিউমেরিক্যাল এবিলিটি) (২০ নম্বর), লিগ্যাল

স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও লজিক্যাল রিজনিং (৪০ নম্বর) বিষয়ে। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল (৪০ নম্বর), জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত (৬০ নম্বর) বিষয়ে। উভয় ক্ষেত্রেই সময়সীমা ২ ঘণ্টা। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.clatconsortiumofnlu.ac.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.clatconsortiumofnlu.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আর্থিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের ক্ষেত্রে বি পি এল কার্ড এবং ডোমিসাইল সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে অনলাইনে ৪,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। অনলাইন আবেদন-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এম পাওয়ার গ্লোবাল সিটিজেন স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯

আমেরিকা ও কানাডার তালিকাভুক্ত দ্বিশতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে যে-কোনও বিষয়ে পূর্ণ সময়ের কোর্স করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এম পাওয়ার ফিনান্সিং। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বার্ষিক ৫,০০০ আমেরিকান ডলার।

**আবেদনের যোগ্যতা:** আমেরিকা বা কানাডার নির্দিষ্ট তালিকাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MGC1 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

### সরলা দেবী স্কলারশিপ ফর স্টুডেন্টস ইন ক্রাইসিস ২০১৯

আর্থিকভাবে পিছিয়ে পড়া, অনাথ, দৈহিক প্রতিবন্ধী, ক্যান্সার আক্রান্ত, সিঙ্গল পেরেন্ট (মা), ধারাবাহিকভাবে অসুস্থ ১০০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে ধর্মপাল সত্যপাল চ্যারিটেবল ট্রাস্ট। স্কলারশিপ বাবদ দেওয়া হবে ১০,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা:** অন্তত দশম শ্রেণিতে পাঠরত হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে সাড়ে চার লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/SDS6 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

*(তথ্য সহায়তা: buddy4study)*

### নিখরচায় রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীকে সরকারি চাকরি পেতে প্রশিক্ষণ



রাজ্যের মুসলিম, খ্রিস্টান, শিখ, বৌদ্ধ, পারসি ও জৈন ধর্মাবলম্বী তরুণ-তরুণীকে নিখরচায় বিভিন্ন সরকারি চাকরি পেতে সহায়তা করতে প্রশিক্ষণ দেবে ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ শুরু হবে ফেব্রুয়ারিতে।

প্রশিক্ষণের বিবরণ: (১) প্রি-রিক্রুটমেন্ট কোচিং ফর মাইনরিটি ইয়ুথ ফর কম্পিটিটিভ এক্সামিনেশনস: প্রশিক্ষণ দেওয়া হবে এই সব পরীক্ষার জন্য— ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনস, সাব-ইনস্পেক্টর অব পুলিশ, সাব-ইন্সপেক্টর স্কুল, সাব-ইনস্পেক্টর অব ফুড, মিসেলেনিয়াস সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস, কৃষি প্রযুক্তি সহায়ক, সেন্ট্রাল স্টাফ সিলেকশন কমিশন, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, পোস্টাল ডিপার্টমেন্ট, ইন্টেলিজেন্স ব্যুরো, বিমা ও ভারতীয় রেল (নন-টেকনিক্যাল)।

আসনসংখ্যা: সর্বাধিক ৫০০টি। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ২২ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

(২) প্রি-রিক্রুটমেন্ট কোচিং ফর মাইনরিটি ইয়ুথ ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল লিগাল সার্ভিসেস অ্যান্ড অ্যাসিস্ট্যান্ট এবং পাবলিক প্রসিকিউটর এক্সামিনেশনস: আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক। জুডিশিয়াল সার্ভিসেস ও অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটরের ক্ষেত্রে বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলায় (নেপালিদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) পড়তে, লিখতে ও বলতে পারা চাই। বয়স: ২৩ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

উভয় ক্ষেত্রেই প্রশিক্ষণের মেয়াদ ৭ মাস। প্রশিক্ষণ শুরু হবে ১৮ ফেব্রুয়ারি। প্রশিক্ষণ দেওয়া হবে শনিবার, রবিবার ও ছুটির দিনগুলিতে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org আবেদনের শেষ তারিখ ২৬ জানুয়ারি। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই টোল-ফ্রি নম্বরে: ১৮০০-১২০-২১৩০।

### নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং এবং সোশ্যাল ওয়ার্কের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

**কোর্সের বিবরণ:** কোর্স কোড: **পি জি ই এল টি:** এম এ ইন ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং: শিক্ষাগত যোগ্যতা: ইংলিশ বা লিঙ্গুইস্টিক্স-সহ স্নাতক। কোর্স ফি: ৭,৬০০ টাকা।

কোর্স কোড: **পি জি পি এ:** এম এ ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন: শিক্ষাগত যোগ্যতা: পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা পলিটিক্যাল সায়েন্স বা সোশিওলজি বা ইকনমিক্স-সহ স্নাতক। কোর্স ফি: ৭,৬০০ টাকা।

কোর্স কোড: **পি জি এস ডব্লু:** মাস্টার অব সোশ্যাল ওয়ার্ক: শিক্ষাগত যোগ্যতা: সোশিওলজি বা পলিটিক্যাল সায়েন্স বা হিস্ট্রি বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা ইকনমিক্স বা অ্যানথ্রপলজি-সহ স্নাতক। কোর্স ফি: ১০,৪০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pg.wbnsouadmissions.com আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি। আবেদনের সময় ফি বাবদ দিতে হবে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিংয়ের ক্ষেত্রে ৪,৭০০ টাকা এবং সোশ্যাল ওয়ার্কের ক্ষেত্রে ৬,১০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

### ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশনের কোর্স



**নিজস্ব প্রতিনিধি:** নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (ই ডি আই) যৌথ উদ্যোগে পরিচালিত ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশনের ৬ মাস মেয়াদের সার্টিফিকেট কোর্সটিতে ভর্তির সময়সীমা বাড়ল। ভর্তি হওয়া যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত। স্নাতক কোর্সে পাঠরত এবং আরও বেশি শিক্ষাগত যোগ্যতাসম্পন্নরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়সের বিধিনিষেধ নেই।

ই ডি আইয়ের তরফে জানানো হয়েছে, অ্যাকাউন্টিংয়ের পেশায় আগ্রহী তরুণ-তরুণী, অ্যাকাউন্টিংয়ের পেশায় কর্মরত, জি এস টি-র হিসেবনিকেশ শিখতে আগ্রহীরা কোর্সটি করলে উপকৃত হবেন।

৬ মাসের কোর্স ফি ৫,৪০০ টাকা।

ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪ (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৬-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮। ই-মেল: edikolkata.bncci@gmail.com ওয়েবসাইট: www.edikolkata.com

### ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার ১৪ এপ্রিল ও ৭ জুলাই



৫ বছর মেয়াদের ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার নেওয়া হবে ১৪ এপ্রিল এবং ৭ জুলাই (রবিবার)। এই পরীক্ষায় সফল হলে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তি হওয়া যাবে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে। পরীক্ষা নেবে কাউন্সিল অব আর্কিটেকচার। পরীক্ষাটি জাতীয় স্তরের। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৪০ নম্বর) এবং জেনারেল অ্যাপ্টিটিউড (৮০ নম্বর) বিষয়ে। দ্বিতীয় পার্টে যাচাই করা হবে প্রার্থীর ড্রয়িংয়ের দক্ষতা (৮০ নম্বর)। পরীক্ষার সময় সকাল ১০টা থেকে দুপুর ১টা ১৫ মিনিট। প্রথম পার্টে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ ধরনের। কোনও নেগেটিভ মার্কিং নেই।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হাওড়া, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৪ এপ্রিলে পরীক্ষার ক্ষেত্রে ১ এপ্রিল থেকে এবং ৭ জুলাই পরীক্ষার ক্ষেত্রে ২৪ জুন থেকে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in অনলাইন আবেদন করা যাবে ১৪ এপ্রিলের পরীক্ষার ক্ষেত্রে ২৪ জানুয়ারি থেকে ১১ মার্চ এবং ৭ জুলাইয়ের পরীক্ষার ক্ষেত্রে ১২ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন রেজিস্ট্রেশনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,৫০০ টাকা)। দু বার পরীক্ষায় বসতে চাইলে ফি বাবদ দিতে হবে ৩,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২,৮০০ টাকা)। অনলাইনে ই পি জি পদ্ধতিতে ফি জমা দিতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। আবেদনপত্র পূরণে কোনও ত্রুটি থেকে গেলে সংশোধনের অনুরোধ পাঠাতে পারেন এই ই-মেল আই ডি-তে: helplinenata2019@gmail.com

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৯'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অরূপ সাহা, আরামবাগ, হুগলি।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৯'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল এবিলিটি টেস্ট। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি বিষয়ের ক্ষেত্রেই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। ম্যাথমেটিক্সের অংশে থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইকুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। জেনারেল এবিলিটি অংশের পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষা ২১ এপ্রিল। লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। দেখতে পারেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## পি এস সি

☐ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —সিদ্ধার্থ দাস, বহরমপুর, মুর্শিদাবাদ।*

☐☐ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত এই পরীক্ষায় দু'টি পত্রে মাল্টিপল চয়েস অবজেক্টিভ ধরনের প্রশ্ন হয়। প্রথম পত্রে থাকবে ইংলিশ কম্পোজিশন (৫০ নম্বর), জেনারল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা আন্দোলন, ভূগোল, রিজনিং (৪০ নম্বর), ভারতের সংবিধান, ফিনান্স কমিশন, ফিনান্স অ্যাকাউন্টস অ্যান্ড অডিট (৩৫ নম্বর), বিজনেস ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স (৩৫ নম্বর), অ্যাকাউন্ট্যান্সি (৪০ নম্বর)। দ্বিতীয় পত্রে থাকবে বিজনেস ল (৩৫ নম্বর), কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি (৩৫ নম্বর), প্রিন্সিপলস অ্যান্ড প্র্যাক্টিস ম্যানেজমেন্ট (৩৫ নম্বর), ট্যাক্সেশন (২৫ নম্বর), অডিটিং (৩৫ নম্বর), বিজনেস ইকনমিক্স অ্যান্ড ইন্ডিয়ান ইকনমিক্স (৩৫ নম্বর)। দু'টি পত্র ২০০ নম্বর করে। এরপর ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## ব্যাঙ্ক

☐ *আই বি পি এসের মাধ্যমে ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার ক্যাডারে এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান) নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? কোন পদ্ধতিতে প্রার্থী বাছাই করা হয়? —শিউলি মণ্ডল, কাশীপুর, পুরুলিয়া।*

☐☐ আই বি পি এসের মাধ্যমে ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার ক্যাডারে এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা হিসেবে ৪ বছরের ডিগ্রি থাকতে হবে নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং এবং অ্যাগ্রো-ফরেস্ট্রি। প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের অনলাইন পরীক্ষার মাধ্যমে। সময়সীমা ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০), পেশাদারি বিষয়-সংক্রান্ত (৭৫) প্রশ্ন। মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

☐ *হায়দরাবাদে দূরশিক্ষায় এগ্রিকালচারের টেকনোলজি ম্যানেজমেন্ট কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —শুভময় হালদার, পশ্চিম মেদিনীপুর।*

☐☐ দূরশিক্ষা ব্যবস্থায় এগ্রিকালচারের টেকনোলজি ম্যানেজমেন্টে এক বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের আই সি এ আর-ন্যাশনাল অ্যাকাডেমি অব এগ্রিকালচারাল রিসার্চ ম্যানেজমেন্ট। আসনসংখ্যা ১০০। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারাল সায়েন্সেস বা সোশ্যাল সায়েন্সেস বা ফিজিক্যাল সায়েন্সেস বা ম্যানেজমেন্ট বা লাইফ সায়েন্সেস বা ইঞ্জিনিয়ারিং বা আইনে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকতে হবে। অথবা উপরোক্ত শাখাগুলির মধ্যে যে-কোনও একটিতে স্নাতক, সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কোর্স ফি: ২৫,৫০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। আবেদন করা যাবে অফলাইন-অনলাইন উভয়ব্যবস্থাতেই। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://naarm.org.in অফলাইনের ক্ষেত্রে আবেদনের ফর্ম ডাউনলোড করে নিতে হবে। ফি বাবদ ৩০০ টাকা। অনলাইনে আবেদনপত্র পূরণ করলে ফি দিতে হবে এন ই এফ টি-র মাধ্যমে। অফলাইনের ক্ষেত্রে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'ICAR Unit-NAARM A/c'-এর অনুকূলে হায়দরাবাদে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র বা তার প্রিন্ট আউট ৩১ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Academic Cell, ICAR-NAARM, Rajendra nagar, Hyderbad-500 030.

☐ *পুনের ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট অব ইন্ডিয়ায় আর্ট ডিরেকশন অ্যান্ড প্রোডাকশন ডিজাইনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —প্রফুল্ল দে, উলুবেড়িয়া, হাওড়া।*

☐☐ পুনের ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট অব ইন্ডিয়ায় আর্ট ডিরেকশন অ্যান্ড প্রোডাকশন ডিজাইনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচার বা পেন্টিং বা অ্যাপ্লায়েড আর্টস বা স্কাল্পচার বা ইন্টিরিয়র ডিজাইন বা ফাইন আর্টস বা সমতুল বিষয়ে স্নাতক হতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়ারনেস (জাতীয় বা আন্তর্জাতিক, ইন্ডিয়ান হিস্ট্রি, কালচার, আর্ট, আর্কিটেকচার, মিউজিক ও ফোক আর্ট) এবং সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে। লিখিত পরীক্ষা ২৪ ফেব্রুয়ারি। পরীক্ষার সময়সীমা ৩ ঘণ্টা। ওয়েবসাইট: www.ftiindia.com

☐ *গার্ডেনরিচ শিপবিল্ডার্সে ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই টি আই) ক্যাটেগরিতে ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —প্রবাল সাঁপুই, মন্দিরবাজার, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই টি আই) ক্যাটেগরির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে, এর পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে অল ইন্ডিয়া ট্রেড টেস্টে পাশ করে থাকতে হবে। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেড, পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেড, সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে সেক্রেটারিয়াল প্র্যাকটিস বা সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ট্রেডে উপরোক্ত যোগ্যতা থাকলেও আবেদনের যোগ্য। ওয়েবসাইট: www. grse.in

## অন্যান্য চাকরি

☐ *নিউক্লিয়ার পাওয়ারে স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (সায়েন্স গ্র্যাজুয়েট) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —ঐশিক দাশগুপ্ত, বাগনান, হাওড়া।*

☐☐ নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (সায়েন্স গ্র্যাজুয়েট) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি। প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং সহযোগী বিষয় হিসেবে ফিজিক্স বা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং অঙ্ক-সহ বি এসসি। সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে অঙ্ক অন্যতম বিষয় হিসেবে থাকতে হবে। ৩১ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in

☐ *ন্যাশনাল সিডস কর্পোরেশনে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অসীম মণ্ডল, কাঁথি, মুর্শিদাবাদ।*

☐☐ ন্যাশনাল সিডস কর্পোরেশনে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর এবং স্টেনোগ্রাফি-সহ অফিস ম্যানেজমেন্টে ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে স্টেনোগ্রাফিতে সার্টিফিকেট কোর্স পাশ। কম্পিউটার অপারেশন (এম এস অফিস-সহ) এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ে দক্ষতা থাকা চাই। তাছাড়া হিন্দি ভাষায় কাজ চালানোর মতো দক্ষতা এবং কমিউনিকেশন স্কিল থাকা চাই। এর পাশাপাশি প্রার্থীর শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। ওয়েবসাইট: www.indiaseeds.com

☐ *ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে ন্যাভাল আর্মামেন্ট ইন্সপেক্টোরেট ক্যাডারে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —কৌশিক দে, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

☐☐ ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে ন্যাভাল আর্মামেন্ট ইন্সপেক্টোরেট ক্যাডারে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মাইক্রো-ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন, অ্যারোস্পেস, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটিরিয়াল সায়েন্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার, কম্পিউটার অ্যাপ্লিকেশন— যে-কোনও একটি বিষয়ে ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০ এবং চশমা-সহ এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/১২। প্রাথমিক ভাবে প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের দুই পর্যায়ের ইন্টারভিউয়ে। প্রথম পর্যায়ে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্টিং, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:

চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

### এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা যুবশ্রী প্রকল্পে নাম নথিভুক্ত প্রার্থীরা চাকরি কবে পাবে?

২০১২ সালের জুলাই মাসে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করার সময়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, এই ব্যাঙ্কে নথিভুক্ত প্রার্থীদের থেকে শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী, সরকারি ক্ষেত্রে চাকরি হবে। এই ঘোষণা মোতাবেক ওই বছরেই আমি এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করি। পরের বছরই 'যুবশ্রী' প্রকল্পের কথা ঘোষণা করে মুখ্যমন্ত্রী জানান, এই প্রকল্পে নথিভুক্ত প্রার্থীদের ১,৫০০ টাকা মাসিক ভাতা দেওয়া হবে। কিন্তু এখনও পর্যন্ত আমি কোনও মাসিক ভাতা পাইনি এবং চাকরি তো দূর অস্ত! কোনও ইন্টারভিউয়েই আজ পর্যন্ত ডাক পাইনি।

আমাদের পরিবার আর্থিক ভাবে দুঃস্থ। আমার বাবা-মা দু'জনেই অসুস্থ। বর্তমানে আমার বয়স ৩৮ বছর। অনেক সরকারি চাকরির বয়সই আমার আর নেই। আমার বিনীত আবেদন, মুখ্যমন্ত্রী আমাদের মতো যাদের বয়স চল্লিশ হতে চলেছে, এমন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত প্রথম এক লক্ষ প্রার্থীর যেন চাকরির ব্যবস্থা করেন। গ্রুপ 'ডি' বা গ্রুপ 'সি' বা সিভিক ভলান্টিয়ারের মতো শূন্যপদে অবিলম্বে যেন আমাদের নিয়োগ করা হয়। যাতে আমাদের পরিবার অন্তত খেয়েপড়ে বাঁচে। এ-টুকুই সুবিচারের চাহিদা আমার সরকারের কাছে।

বর্তমানে আমার বয়স ৩৮ বছর। অনেক সরকারি চাকরির বয়সই আমার আর নেই। আমার বিনীত আবেদন, মুখ্যমন্ত্রী আমাদের মতো যাদের বয়স চল্লিশ হতে চলেছে, এমন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত প্রথম এক লক্ষ প্রার্থীর যেন চাকরির ব্যবস্থা করেন। গ্রুপ 'ডি' বা গ্রুপ 'সি' বা সিভিক ভলান্টিয়ারের মতো শূন্যপদে অবিলম্বে যেন আমাদের নিয়োগ করা হয়।

**নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক**

### এ বার এস এস সি-র তালিকা-বিভ্রাট প্রধানশিক্ষক নিয়োগে

প্রধানশিক্ষক ও প্রধানশিক্ষিকা নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের ওয়েবসাইটে ঘোষিত প্রার্থী-তালিকায় ভূরি ভূরি গরমিল দেখা যাচ্ছে। সংবাদে প্রকাশ, ওয়েবসাইটে কারও নাম প্রথমে ছিল ৮০৪ নম্বরে। কিন্তু পরের দিনই আবার দেখা যাচ্ছে তাঁর নাম রয়েছে ৮০৫ নম্বরে। অভিযোগ উঠছে, তালিকা-বিভ্রাটের পিছনে রয়েছে সুপরিকল্পিত কারচুপি। প্রধানশিক্ষক ও প্রধানশিক্ষিকার পদে আবেদনকারীদের 'পার্সোন্যালিটি টেস্ট'-এর পরে যাঁরা পরের ধাপ অর্থাৎ কাউন্সেলিংয়ে যাওয়ার সুযোগ পেয়েছেন, তাঁদের ফল সম্প্রতি প্রকাশিত হয়েছে। দেখা যাচ্ছে, ফল বেরোনোর দিনে বেশ কয়েক জন প্রার্থী কমিশনের ওয়েবসাইটে নির্বাচিত আবেদনকারী হিসেবে নির্দিষ্ট নম্বরে তাঁদের নাম দেখেছিলেন। কিন্তু পরের বার তালিকা খুললে দেখা যাচ্ছে, কিছু নাম এক বা একাধিক ধাপ নীচে নেমে গিয়েছে। এই উদ্দেশ্যমূলক অবনমনের ফলে পছন্দমতো স্কুল বাছাইয়ের ক্ষেত্রে সুবিধা পাওয়া যাবে না বলে আশঙ্কা করছেন অনেক প্রার্থী। তা হলে কি অন্য কোনও প্রার্থীকে মাঝখানে ঢুকিয়ে দেওয়ার কারণেই প্রার্থীদের নম্বর নীচে নেমে গেল? গোটা ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানাচ্ছি।

**প্রশান্ত দেব, রাণাঘাট, নদিয়া।**

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# সুপ্রিম কোর্টে

## ল ক্লার্ক-কাম-রিসার্চ অ্যাসিস্ট্যান্ট

কিছু ল ক্লার্ক-কাম-রিসার্চ অ্যাসিস্ট্যান্ট নেবে সুপ্রিম কোর্ট অব ইন্ডিয়া। স্বল্প মেয়াদের চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আইনে স্নাতক ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। পাশাপাশি, অ্যাডভোকেট হিসেবে বার কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এছাড়া কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। ইন্টিগ্রেটেড ল কোর্সে পঞ্চম বর্ষে পাঠরত ছাত্রছাত্রীরাও আবেদনের যোগ্য। ২৮-২-২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে ইউকো ব্যাঙ্কের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুলিশে ২৫০ সিভিক ভলান্টিয়ার

প্রথম পাতার পর

গার্ড হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কলকাতা পুলিশের আওতাধীন এলাকার স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ২০ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে, কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, নির্বাচিত প্রার্থীরা কলকাতা পুলিশ বা রাজ্য সরকারের অন্য কোনও দপ্তরে এই নিয়োগকে স্থায়ী চাকরি বলে দাবি করতে পারবেন না।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.kolkatapolice.gov.in দরখাস্তের বয়ান এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বৈধ ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: APPLICATION FOR THE POST OF CIVIC VOLUNTEER. দরখাস্ত নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপ বক্সে ২৩ জানুয়ারির (বিকেল ৫টার) মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে। ইউনিট অনুসারে দরখাস্ত জমা দেওয়ার ঠিকানা: ওয়্যারলেস ব্রাঞ্চ: Deputy Commissioner of Police, Wireless Branch, 112, Ripon Street, Kolkata-700 016. কলকাতা হোম গার্ড অর্গানাইজেশন: Deputy Commissioner of Police, Combat Battalion, Kolkata, 247, A.J.C. Bose Road, Kolkata-700 027. নর্থ অ্যান্ড নর্থ সাবার্বান ডিভিশন: Deputy Commissioner of Police, North & North Suburban Division, 113, APC Road, Kolkata-700 009. ইস্টার্ন সাবার্বান ডিভিশন: Deputy Commissioner of Police, Eastern Suburban Division, 105, Hemchandra Naskar Road, Kolkata-700 010.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোস্টগার্ডে যান্ত্রিক

প্রথম পাতার পর

অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকা চাই।

প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৮-১৯৯৭ থেকে ৩১-৭-২০০১-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। মার্চে প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৫ মার্চ থেকে ১৫ মার্চ পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in পশ্চিমবঙ্গের লিখিত পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, ইংরেজি, জেনারেল নলেজ এবং রিজনিং অ্যাপ্টিটিউড বিষয়ে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে অগস্টে আই এন এস চিলকায়। প্রথমে বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে যান্ত্রিক পদে।

মূল বেতন ২৯,২০০ টাকা। সঙ্গে যান্ত্রিক পে ৬,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১১ থেকে ২১ ফেব্রুয়ারি।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। এর মধ্যে একটি কপি পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন: ✓দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট। ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। প্রতিটির নির্দিষ্ট স্থানে নীল ব্যাকগ্রাউন্ডে তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে। ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓পাসপোর্ট, আধার কার্ড, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ২২৬৭৮ শূন্যপদে নিয়োগ শীঘ্রই

প্রথম পাতার পর

আরও ৬,৩৮১ জনের তালিকা পাঠানো হবে জানুয়ারির শেষে বা ফেব্রুয়ারির শুরুতে।

এছাড়াও, পার্শ্বশিক্ষকদের জন্য ১০ শতাংশ সংরক্ষিত শূন্যপদ বাদ দিয়ে উচ্চপ্রাথমিকের ১৩,০৮০টি শূন্যপদের জন্য ভেরিফিকেশনের কাজ শীঘ্রই শুরু হবে বলে জানান স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান।

উল্লেখ্য, ২,২৪৩টি শূন্যপদে প্রধানশিক্ষকের প্যানেলটিও প্রকাশিত হয় এদিনই।

সৌমিত্রবাবু বলেন, ক্লার্কের ২,০৫৭টি শূন্যপদ মধ্যে ২,০১৩ জনের তালিকা পাঠানো হয়েছে। ৪৪টি শূন্যপদের পূরণ করা যায়নি যোগ্য প্রার্থীর অভাবে।

গ্রুপ 'ডি'-র ৩,৯৫৫টি শূন্যপদ মধ্যে নির্বাচিত ৩,৮৪৭ জন প্রার্থীর তালিকা তৈরি হয়ে গেছে। সেখানেও ১০৮টি পদ ফাঁকা থেকে গিয়েছে।

শারীরশিক্ষার ১,০৩৪টি এবং কর্মশিক্ষার ১,০৯৯টি শূন্যপদের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকাও মধ্যশিক্ষা পর্যদে পাঠানো হয়েছে বলে সৌমিত্রবাবু জানিয়েছেন।

# ৮১৯ গ্র্যাজুয়েট

প্রথম পাতার পর

১৪ থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। অনলাইন পদ্ধতিতে গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর আই পি এস)-এর মাধ্যমে ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্টে '০০৫১-০০-১০৪-০০১-১৬'। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

বিস্তারিত জানতে আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001 অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৯** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. রাফাল যুদ্ধবিমান কেনার নতুন চুক্তিতে কতগুলি যুদ্ধবিমান কেনার চুক্তি হয়েছে?
   A. ৩৬ B. ৪৬ C. ১২৬
2. বাঘ সংরক্ষণে ১৯৩৬ সালে দেশের প্রথম অভয়ারণ্য হেইলি ন্যাশনাল পার্ক গড়ে ওঠে। ১৯৫৬ সালে এর নতুন নামকরণ হয়। কী নাম?
   A. সুন্দরবন অভয়ারণ্য B. জিম করবেট ন্যাশনাল পার্ক C. গরুমারা অভয়ারণ্য
3. ১৯৭৩ সালে কোন প্রতিষ্ঠান প্রথম মোবাইল ফোন চালু করে?
   A. স্যামসাং B. নোকিয়া C. মোটোরোলা
4. ২০১৪ সালে পশ্চিম আফ্রিকায় ছড়িয়ে পড়া এই প্রাণঘাতী ভাইরাসের নামকরণ হয় আফ্রিকার একটি নদীর নামে। কোন ভাইরাস?
   A. ইবোলা B. নিপা C. সোয়াইন ফ্লু
5. কোন সাহিত্যিক প্রথম প্রতিশ্রুতি উপন্যাসের জন্য প্রথম মহিলা হিসেবে জ্ঞানপীঠ পুরস্কার পান?
   A. ইন্দিরা দেবী B. আশাপূর্ণা দেবী C. প্রতিভা বসু
6. রক্তের এইচ/এইচ (Oh) গ্রুপ কোন নামে বেশি পরিচিত?
   A. কলকাতা গ্রুপ B. দিল্লি গ্রুপ C. বম্বে গ্রুপ
7. ভারতের কোন প্রধানমন্ত্রী 'ভারতীয় আর্থিক সংস্কারের জনক', 'চাণক্য' নামে অভিহিত হন?
   A. পিভি নরসিমা রাও B. মনমোহন সিং C. ইন্দিরা গান্ধী
8. 'তরুণ তুর্কি', ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত জনতা পার্টির প্রথম সভাপতি, ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী। কে?
   A. ভি পি সিং B. চন্দ্রশেখর C. জগজীবন রাম
9. ১৮৩৫ সালে গঠিত হয় কাছাড় লেভি। এরপর বহু পরিবর্তনের পর সামরিক এই বাহিনীর বর্তমান নাম কী?
   A. শিখ রেজিমেন্ট B. বর্ডার সিকিউরিটি ফোর্স C. অসম রাইফেলস
10. কোন রাজ্যের জাতীয় পশু বাঘরোল?
    A. পশ্চিমবঙ্গ B. অসম C. ত্রিপুরা
11. দেবী দুর্গা ও মহিষাসুরের মধ্যে ছদ্ম লড়াই তুলে ধরা হয় কোন নৃত্যে? এর আর এক নাম 'তরবারি নাচ'।
    A. কথক B. ভাড়িয়া রাস C. সা...
12. আলি আকবর খান, আলাউদ্দিন খান, আমজাদ আলি খানের সঙ্গে কোন বাদ্যযন্ত্র সঙ্গত করে?
    A. সেতার B. বীণা C. সরোদ

### উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ..................

Address: ..................

..................

..................

..................

Pin Code: ..................

Ph./Mob. No.: ..................

জানুয়ারি, ২০১৯

আগস্ট, ২০১৮ ক্যুইজের উত্তর: 1-A, 2-C, 3-A, 4-A, 5-C, 6-A, 7-B, 8-B, 9-B, 10-A, 11-A, 12-A

আগস্ট, ২০১৮ ক্যুইজে পুরস্কার জয়ী : কিংশুক চক্রবর্তী, জলপাইগুড়ি; পল্লব মিত্র, নদীয়া; রীতা মণ্ডল, মালদা; শর্মিলা মিত্র, কলকাতা; সৌরভ দাস, হুগলি। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

# স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে বয়স থাকতে হয়।

বয়সসীমায় তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দু'টি পেপারে পরীক্ষার মাধ্যমে। পেপার ওয়ান ও পেপার টু মিলিয়ে মোট ৫০০ নম্বরের পরীক্ষা।

পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ে তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারে সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। সময় ২ ঘণ্টা। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। এই পরীক্ষার তারিখ এখনও কমিশনের তরফে জানানো হয়নি। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টুয়ে বসার জন্য যোগ্য বিবেচিত হবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ssc.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ জানুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য আগাম এই নিয়োগের সংবাদ জানানো হল। খুঁটিনাটি তথ্য পাবেন ২৮ জানুয়ারি থেকে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৭ জানুয়ারি-১৩ জানুয়ারি

**৭ জানুয়ারি** বিশিষ্ট ইতিহাসবিদ সব্যসাচী ভট্টাচার্য (৮০) প্রয়াত হলেন। বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য ছিলেন তিনি। কাজ করেছেন জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে। ছিলেন ইন্ডিয়ান কাউন্সিল অফ হিস্টোরিক্যাল রিসার্চ-এর সভাপতি এবং ইন্ডিয়ান হিস্টোরিক্যাল রিভিউয়ের সম্পাদক। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থগুলির মধ্যে রয়েছে, 'টকিং ব্যাক দি আইডিয়া অব সিভিলাইজেশন ইন দি ইন্ডিয়ান ন্যাশনালিস্ট ডিসকোর্স', 'দ্য ডিফাইনিং মোমেন্টস ইন বেঙ্গল ১৯২০-১৯৪৭', 'দ্য কলোনিয়াল স্টেট: থিওরি অ্যান্ড প্র্যাকটিশ' ইত্যাদি। পেয়েছেন রবীন্দ্র পুরস্কার ও অন্যান্য সম্মান।

## কিম-ট্রাম্প দ্বিতীয় বৈঠকে সায় বেজিংয়ের



১০ জানুয়ারি: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উনের দ্বিতীয়বারের বৈঠকে চিনের সমর্থন রয়েছে বলে জানিয়ে দিল বেজিং। এই বৈঠকের আগে ৮ জানুয়ারি আচমকাই চিন সফরে যান উত্তর কোরিয়ার চেয়ারম্যান কিম। চিনা সরকারি সংবাদ সংস্থা শিনহুয়া সূত্রে বলা হয়েছে, চিনা প্রেসিডেন্ট শি চিনফিং জানিয়েছেন, কিম-ট্রাম্পের দ্বিতীয় বৈঠকে তাঁর সায় রয়েছে। সংবাদ সংস্থা সূত্রে আরও বলা হয়েছে চতুর্থ বার চিনে গিয়ে চিনা প্রেসিডেন্টকে উত্তর কোরিয়া যাওয়ার আমন্ত্রণ জানিয়েছেন কিম। শি-ও জানিয়েছেন তিনি পিয়ংইয়ং যেতে আগ্রহী।

**৮ জানুয়ারি** রাম জন্মভূমি মামলায় সাংবিধানিক বেঞ্চ গঠন করলেন প্রধান বিচারপতি রঞ্জন গগৈ। এই মামলায় প্রাক্তন প্রধান বিচারপতি দীপক মিশ্রের বিপরীত পথে হাঁটলেন বিচারপতি গগৈ। এ দিন বর্তমান প্রধান বিচারপতি জানিয়েছেন, এই মামলার বিচার করবে পাঁচ সদস্যের সাংবিধানিক বেঞ্চ।

**ক্ষমতাচ্যুত সিবিআই অধিকর্তা অলোক** বর্মাকে ক্ষমতায় ফেরাল সুপ্রিম কোর্ট। ২৩ অক্টোবর মধ্যরাতে কেন্দ্র সরকার সিবিআই অধিকর্তা অলোক বর্মা ও বিশেষ অধিকর্তা রাকেশ আস্থানাকে ছুটিতে পাঠায়। কংগ্রেস-সহ বিরোধীরা অভিযোগ তোলেন, বর্মা রাফাল চুক্তি নিয়ে তদন্ত শুরু করতে পারেন ভেবেই তাঁকে ছুটিতে পাঠানো হয়। বর্মা নিজেও এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যান। এ দিন প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বেঞ্চ বর্মাকে ছুটিতে পাঠানোর সিদ্ধান্ত খারিজ করে দিয়েছে। রায় দিতে গিয়ে প্রধান বিচারপতির বেঞ্চের বক্তব্য, 'সিবিআই অধিকর্তাকে স্বাধীনতা ও সততার প্রতীক হয়ে উঠতে হবে। তাঁকে সব হস্তক্ষেপ ও নিয়ন্ত্রণ থেকে মুক্তি দেওয়া প্রয়োজন।'

**সরকারি চাকরি ও শিক্ষা প্রতিষ্ঠানে** আর্থিক ভাবে দুর্বলদের জন্য ১০ শতাংশে সংরক্ষণ বিলটি সংসদে পাশ হয়ে গেল। রাহুল গান্ধী-সহ প্রায় সব বিরোধী নেতা এই সংবিধান সংশোধনী সমর্থন করায় লোকসভায় সংরক্ষণ বিল পাশ নিয়ে কোনও বিতর্ক হয়নি। উপস্থিত ৩২৬ জন সাংসদের মধ্যে ৩২৩ জনের সমর্থন নিয়ে বিল পাশ হয়ে যায়। তবে এই বিলের পিছনে প্রশ্নও রয়ে গেছে। কারণ, সুপ্রিম কোর্ট বলেছে, আর্থিক ভিত্তিতে সংরক্ষণ হয় না। বস্তুত, এর আগে একটি মামলায় সুপ্রিম কোর্ট গরিবদের জন্য ১০ শতাংশে সংরক্ষণের সিদ্ধান্তকে 'অসাংবিধানিক' বলে খারিজ করে দিয়েছিল।

**লোকসভায় বিরোধিতা সত্ত্বেও পাশ হয়ে** গেল নাগরিকত্ব সংশোধনী বিল। এই বিল ঘিরে অসম সহ উত্তর-পূর্বের বিভিন্ন রাজ্যে বন্‌ধ, বিক্ষোভ হয়। 'সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট বিল, ২০১৯' এ দিন লোকসভায় পেশ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তানে অত্যাচারিত হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন, শিখ, পার্সিদের যাওয়ার জায়গা বলতে ভারত। সেই কারণেই এই সংশোধনী আনা হচ্ছে।'

**দীর্ঘ প্রতীক্ষার পর ডিএনএ প্রযুক্তির** প্রয়োগ ও তার ব্যবহার নিয়ন্ত্রণ আইন তৈরি করতে বিল পাশ হল লোকসভায়। ডিএনএ পরীক্ষা ব্যক্তির পরিচয় ও কারও সঙ্গে সম্পর্ক নির্ধারণে নির্ণায়ক ভূমিকা নিতে পারে। কিন্তু ভারতে সরকারি হিসেবে ১ শতাংশেরও কম ক্ষেত্রে এর ব্যবহার হয়। বিলটি আইনে পরিণত হলে ফৌজদারি মামলায় সংশ্লিষ্ট ব্যক্তিদের ডিএনএ পরীক্ষা সহজ হবে।

**চিনে ভারতের নতুন রাষ্ট্রদূতের দায়িত্ব** পেলেন বিক্রম মিস্রী। তিনি এর আগে মায়ানমারে ভারতের রাষ্ট্রদূত ছিলেন। দায়িত্ব গ্রহণের পর এ দিন বেজিংয়ে চিনা বিদেশ মন্ত্রকের শীর্ষ কর্তাদের সঙ্গে দেখা করেছেন ৫৪ বছর বয়সি এই আধিকারিক।



"জাত-পাত গণতন্ত্রের একটা বড় ক্ষত। মানুষ এই বিষয়টিকে গুরুত্ব দিতে নারাজ। কিন্তু বাস্তবটা হল, প্রতিদিন দলিত মহিলাদের ধর্ষণ এবং খুনের ঘটনা ঘটে চলেছে ভারতের বিভিন্ন প্রান্তে শুধু তাদের জাতের কারণে। যখনই জাত-পাত নিয়ে প্রশ্ন ওঠে দলিতদের শুনতে হয় সংরক্ষণ ব্যবস্থা এখনও কেন চলবে?"

জিগ্নেশ মেভানি, *নির্দল বিধায়ক, গুজরাট*

পুনের এম আই টি ওয়ার্ল্ড পিস ইউনিভার্সিটিতে 'জাতপাত ও দুর্নীতি' বিষয়ে এক আলোচনাসভায়

**৯ জানুয়ারি** পশ্চিমবঙ্গের শাসক দল তৃণমূল কংগ্রেস এক দিনে দলের দুই সাংসদকে বহিষ্কার করল। বাঁকুড়ার বিষ্ণুপুরের সাংসদ সৌমিত্র খাঁ বহিষ্কৃত হয়েই যোগ দিয়েছেন বিজেপিতে। দ্বিতীয় বহিষ্কৃত সাংসদ হলেন বোলপুরের অনুপম হাজরা। এ দিন দলের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায় বলেন, 'অনেক দিন ধরেই দু'জনে দলবিরোধী বিতর্কে জড়িয়ে পড়েছিলেন। সংগঠনের সঙ্গে কোনও সম্পর্ক ছিল না।'

## প্রতিবাদ জানাতে ইস্তফা আইএএসের



৯ জানুয়ারি: কাশ্মীর থেকে সিভিল সার্ভিস পরীক্ষায় প্রথম শীর্ষ স্থান দখলকারী শাহ ফয়জল সিভিল সার্ভিস থেকে ইস্তফা দিলেন। 'কাশ্মীরিদের হত্যা' ও 'হিন্দুত্ববাদীদের হাতে মুসলিমদের কোণঠাসা হওয়ার' প্রতিবাদে এ দিন ইস্তফা দেন তিনি। রাজনৈতিক সূত্রের খবর, ন্যাশনাল কনফারেন্সে যোগ দিচ্ছেন ফয়জল। রাজনীতিতে তাঁকে স্বাগত জানিয়েছেন ন্যাশনাল কনফারেন্স প্রধান ওমর আবদুল্লা। কুপওয়ারা জেলার বাসিন্দা ফয়জল সম্প্রতি আমেরিকার হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে ফিরেছেন। পোস্টিংয়ের অপেক্ষায় থাকা এই আইএএসের সোশ্যাল মিডিয়ায় সাম্প্রতিক কিছু পোস্টকে ঘিরে বিতর্ক ছড়িয়েছিল। দেশে ধর্ষণের বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে তিনি টুইটারে লেখেন, 'জনসংখ্যা, পিতৃতন্ত্র, অশিক্ষা, মদ, পর্নোগ্রাফি, প্রযুক্তি ও অরাজকতার ফলে দেশ রেপিস্তান হয়ে গিয়েছে।' ছবি: পি টি আই

**কলকাতা পুলিশের প্রাক্তন কমিশনার** আর কে পচনন্দাকে অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়ালের নিরাপত্তা উপদেষ্টা হিসেবে নিয়োগ করা হল। ১৯৮৩ সালের পশ্চিমবঙ্গ ক্যাডারের আইপিএস পচনন্দা গত ৩১ অক্টোবর আইটিবিপির ডিজি হিসেবে অবসর নিয়েছেন। এসপিজি, বিএসএফ, সিআইএসএফ, এসএসবি-সহ দেশের সব ধরনের কেন্দ্রীয় বাহিনীতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে পচনন্দার।

**১০ জানুয়ারি** সিবিআই ডিরেক্টরের পদে ফেরার দু'দিনের মধ্যেই ফের সরিয়ে দেওয়া হল অলোক বর্মাকে। পদ থেকে বর্মাকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিল উচ্চ ক্ষমতা সম্পন্ন বাছাই কমিটি। বৈঠকে প্রধানমন্ত্রী নিজেই বর্মাকে সরিয়ে দেওয়ার পক্ষে সওয়াল করেন। তাঁকে সমর্থন করেন প্রধান বিচারপতির প্রতিনিধি বিচারপতি এ কে সিক্রি। আপত্তি জানান লোকসভায় কংগ্রেসের দলনেতা মল্লিকার্জুন খড়্গে। ২-১ ভোটে বর্মাকে অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরে নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিংকে নিয়ে গঠিত মন্ত্রিসভার নিয়োগ কমিটি অলোক বর্মাকে প্রায় গুরুত্বহীন ফায়ার সার্ভিসেস, সিভিল ডিফেন্স ও হোমগার্ড-এর ডিজি-র পদে পাঠায়।

**১১ জানুয়ারি** ভিভিআইপি কপ্টার দুর্নীতি কাণ্ডে ধৃত ব্রিটিশ দালাল ক্রিশ্চিয়ান মিশেলকে তাঁর দেশের কূটনীতিকদের সঙ্গে যোগাযোগ রাখার অনুমতি দিল ভারত। ব্রিটিশ হাইকমিশনের আবেদনের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত বলে জানা গেছে। এ দিন বিদেশ মন্ত্রকের মুখপাত্র রভীশ কুমার জানান, মিশেলকে গ্রেপ্তারের পরই কূটনীতিকদের সঙ্গে যোগাযোগের সুবিধা চেয়ে আবেদন জানানো হয়।

## পদ ছাড়লেন বর্মা



১১ জানুয়ারি: ইন্ডিয়ান পুলিশ সার্ভিস থেকে পদত্যাগ করলেন অলোক বর্মা। সিবিআইয়ের ডিরেক্টর থেকে গুরুত্বহীন পদে বদলি করায় সেই পদের দায়িত্ব নিতে অস্বীকার করেন বর্মা। বিবৃতি দিয়ে মোদী সরকারের বিরুদ্ধে সিবিআইয়ের স্বাধীনতায় হস্তক্ষেপের অভিযোগ তোলেন। তিনি বলেন, 'সিবিআইয়ের উচিত বাইরের প্রভাবমুক্ত হয়ে কাজ করা। সিবিআইয়ের বিশ্বাসযোগ্যতা ভেঙে দেওয়ার চেষ্টা হচ্ছিল। আমি সেটাই ধরে রাখার চেষ্টা করেছিলাম।' বিরোধীরা দাবি করেছে, রাফালের মতো মোট ৭টি ফাইল বর্মার কাছে ছিল। যার তদন্ত হলে প্রধানমন্ত্রী ও তাঁর দপ্তরের উচ্চপদস্থ কর্তারা বিপদে পড়তেন।

**ধর্ষণের দায়ে ২০ বছরের সাজাপ্রাপ্ত** ডেরা সচ্চা সৌদা প্রধান গুরমিত রাম রহিম এ বার সাংবাদিক খুনে দোষী সাব্যস্ত হল। ডেরায় নারী নির্যাতনের খবর করার জন্য হরিয়ানার সাংবাদিক রামচন্দ্র ছত্রপতিকে হত্যা করা হয়েছিল বলে গোয়েন্দাদের মত।

**১২ জানুয়ারি** কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে তেলেঙ্গানা হাইকোর্টের প্রধান বিচারপতি টি বি রাধাকৃষ্ণণের নাম সুপারিশ করল সুপ্রিম কোর্টের কলেজিয়াম। প্রধান বিচারপতি দেবাশিস করগুপ্ত গত ৩১ ডিসেম্বর অবসর নেওয়ায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি পদ খালি। বিচারপতি বিশ্বনাথ সমাদ্দার ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব সামলাচ্ছেন।

**প্রথম ভারত-মধ্য এশিয়া আলোচনায় যোগ** দিতে উজবেকিস্তানের সমরখন্দে গেলেন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ। দু'দিনের এই সম্মেলনে ভারত ছাড়াও আফগানিস্তান, কিরগিজ প্রজাতন্ত্র, কাজিকিস্তান, কাজাখস্তান ও তুর্কমেনিস্তানের প্রতিনিধিরা যোগ দিয়েছেন। সম্মেলনে সীমান্তবর্তী দেশগুলির সঙ্গে সম্পর্কের উন্নতি ও যোগাযোগ বাড়ানোর কথা আলোচনা করা হয়।

## শান্তির পক্ষে সওয়াল ইমরানের



৮ জানুয়ারি: পাক প্রধানমন্ত্রী ইমরান খান বললেন, 'পরমাণু শক্তিধর দেশগুলির মধ্যে যুদ্ধ আদতে আত্মহত্যার শামিল।' শান্তিপ্রস্তাবের ক্ষেত্রে ভারত আগ্রহ দেখাচ্ছে না বলে ফের অভিযোগ তুলেছেন ইমরান। তুরস্কের একটি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, পরমাণু অস্ত্রে বলীয়ান দেশগুলির যুদ্ধের কথা ভাবা তো দূরের, ঠান্ডা যুদ্ধের পথে যাওয়াও উচিত নয়। এ ক্ষেত্রে একমাত্র পথ দ্বিপাক্ষিক আলোচনা।

**১৩ জানুয়ারি** জাতি-বিদ্বেষী মন্তব্য করায় পদ হারালেন ৯০ বছর বয়সি বিখ্যাত বিজ্ঞানী জেমস ওয়াটসন। ডিএনএ ডাবল হেলিক্সের আকার নির্ণয়ে অবদানের জন্য ১৯৬২ সালে বিজ্ঞানী ফ্রান্সিস ক্রিক ও মরিস উইলকিন্সের সঙ্গে নোবেল পুরস্কার জেতেন তিনি। এ ছাড়াও পেয়েছেন অসংখ্য আন্তর্জাতিক সম্মান। কিন্তু যে গবেষণাগারে (কোল্ড স্প্রিং হার্বার ল্যাবরেটরি) সারা জীবন কাজ করেছেন, তারাই বিজ্ঞানী ওয়াটসনের যাবতীয় সাম্মানিক পদ কেড়ে নিয়েছে তাঁর একের পর এক জাতি-বিদ্বেষী মন্তব্যের জেরে। এর আগে ২০০৭ সালে এক সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, 'আফ্রিকার ভবিষ্যৎ নিয়ে আমার আশা খুবই ক্ষীণ। সমাজ বলে বুদ্ধির ধারে ওঁরা আমাদের সমান। কিন্তু গবেষণায় তা ধরা পড়ে না।' তখনই গবেষণাগারের কাজ হারালেও সেখানে 'চ্যান্সেলর এমিরেটাস' সহ তিনটি সাম্মানিক পদ ছিল তাঁর। কিন্তু সম্প্রতি একটি তথ্যচিত্রে ওয়াটসন ফের বলেন তিনি এখনও নিজের সিদ্ধান্তে অনড়। জিনের পার্থক্যের জন্যই সাদা ও কালো মানুষদের বুদ্ধ্যঙ্ক (আই কিউ)-এর এত পার্থক্য। ওয়াটসনের এই মন্তব্যের পরে স্প্রিং হার্বার ল্যাবরেটরি জানায় 'খুব নিন্দনীয়, বেপরোয়া মন্তব্য। বিজ্ঞান ওঁকে সমর্থন করে না।' এর পরই তাঁরা তিনটি সাম্মানিক পদ কেড়ে নেওয়ার কথা ঘোষণা করেন।

## নির্বাসিত হার্দিক ও রাহুল



১১ জানুয়ারি: দুই ভারতীয় ক্রিকেটার হার্দিক পাণ্ড্য এবং কে এল রাহুলকে অনির্দিষ্টকালের জন্য নির্বাসিত করে দিল ভারতীয় ক্রিকেট বোর্ড। কর্ণ জোহরের জনপ্রিয় টিভি শো 'কফি উইথ কর্ণ' এ গিয়ে মহিলাদের নিয়ে আপত্তিজনক মন্তব্য করেন জাতীয় দলের তরুণ অলরাউন্ডার হার্দিক পাণ্ড্য এবং ওপেনিং ব্যাটসম্যান কে এল রাহুল। পাল্টা তর্ক উঠেছে বোর্ডের সিদ্ধান্ত নিয়ে। মাঠের বাইরের ঘটনার জন্য বোর্ড এরকম শাস্তি দিতে পারে কিনা সে নিয়ে প্রশ্ন উঠেছে।

## অস্ট্রেলিয়ায় গিয়ে টেস্ট সিরিজ জয় ভারতের



৭ জানুয়ারি: ভারতীয় ক্রিকেটের ইতিহাসে প্রথমবার অস্ট্রেলিয়ায় গিয়ে টেস্ট সিরিজ জিতল ভারতীয় ক্রিকেট দল। সিরিজের ফল ২-১। এর আগে তিনবার সিরিজ ড্র রাখলেও জয় এল এই প্রথম। এটা শুধু ভারতীয় নজির নয়, এই জয়ের ফলে প্রথম এশীয় দেশ হিসেবেও অস্ট্রেলিয়া থেকে জিতে ফিরল ভারত। এর আগে অস্ট্রেলিয়া থেকে সিরিজ জিতেছে ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা। সিডনিতে আয়োজিত সিরিজের শেষ টেস্টে ভারত প্রথমে ব্যাট করে ৭ উইকেটে ৬২২ রান করে ইনিংস ডিক্লেয়ার করে। চেতেশ্বর পুজারা ও ঋষভ পন্থ শতরান করেন। অস্ট্রেলিয়া তাদের প্রথম ইনিংসে ৩০০ রান করে অল আউট হয়ে যায়। ফলো-অন হয়ে ফের ব্যাট করতে নামে অস্ট্রেলিয়া। বৃষ্টি নামায় ৪ ওভারের বেশি খেলা সম্ভব হয়নি। উল্লেখ্য, ৩১ বছর পর দেশের মাঠে কোনও টেস্টে ফলো-অন হল তারা। পঞ্চম দিনও বৃষ্টি বিঘ্নিত থাকায় টেস্ট অমীমাংসিত অবস্থায় শেষ হয়।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## বাজার বুঝে সিদ্ধান্ত নিলে একটা সুন্দর কেরিয়ার নিজেই তৈরি করে নিতে পারো



পার্থ চক্রবর্তী
লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট কনসালট্যান্ট
প্রাক্তন হেড্ কেপেবিলিটি ডেভেলপমেন্ট
অ্যান্ড অডিট (পূর্বাঞ্চল সার্কেল)
রিলায়েন্স কমিউনিকেশন

তোমার সফল কেরিয়ার গড়ার কারিগর আর কেউ নয়, তুমি নিজে। তার জন্য একটা বাস্তবোচিত এবং যথাযথ পরিকল্পনা থাকতে হবে। প্রয়োজনে সেক্ষেত্রে নিজের ইচ্ছার সঙ্গেও কিঞ্চিৎ আপস করতে হতে পারে। কিন্তু কেবল ইচ্ছেটাকেই প্রাধান্য দিয়ে আর পূর্বাপর না ভেবে এগোলে মুশকিলে পড়তে হয়। ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেই একথা বলছি।

বিজ্ঞান নিয়ে পড়াশোনার ইচ্ছে থাকলেও, পরের দিকে আমার অগ্রাধিকার বদলে গিয়ে কমার্স পড়ার ইচ্ছেটা প্রবল হয়। কলেজে রসায়ন নিয়ে স্নাতক কোর্সে ভর্তি হতে গিয়েও পাশের কাউন্টারে কমার্সে ভর্তি হয়ে বাড়ি ফিরেছিলাম। বাড়িতে অল্পবল্প মতানৈক্যের পরিস্থিতি তৈরি হয়েছিল ঠিকই, তবে ভালো রেজাল্ট করে সামলে নিয়েছিলাম।

এরপর ম্যানেজমেন্ট নিয়ে পড়ে ক্যাম্পাসিংয়েই চাকরি পাই। কিন্তু সেই ফিল্ডে কাজ করার জন্য কিছুতেই নিজেকে মানসিকভাবে প্রস্তুত করতে পারলাম না। তখন কল সেন্টারের উঠতি বাজার। যোগ দিলাম জি ই ক্যাপিটাল ইন্টারন্যাশনাল সার্ভিসেস সংস্থায়। সেখানে মন দিয়ে কাজ শিখলাম। সামান্য কয়েক মাসের সেই অভিজ্ঞতাই পরে অন্য সংস্থায় কাজে লেগেছিল। এয়ারটেলে থাকাকালীন উত্তরবঙ্গের দায়িত্বে ছিলাম। সিকিমে সংস্থার লঞ্চিং সার্ভিসের পুরো কাজটাই দেখতে হয়েছিল। রিলায়েন্সে যোগ দেওয়ার পর আন্দামান-নিকোবরে সংস্থার কাজ শুরু হতেই আমাকে পাঠানো হল দায়িত্ব দিয়ে।

দেশের বিভিন্ন রাজ্যে কাজ করেছি। এখন ফিরেছি নিজের রাজ্যে, পশ্চিমবঙ্গে। উপলব্ধি করছি, কাজের মানসিকতার দিক থেকে অনেকটাই ইতিবাচক পরিবর্তন এসেছে। গতানুগতিক চাকরির দিকেই যেতে হবে, এই পুরনো ধারণা এখন বদলাচ্ছে।

চাকরির ক্ষেত্র প্রসারিত হওয়ায় নিয়োগের পরিসরও বেড়েছে। যেসব ক্ষেত্রের অস্তিত্বই আগে জানা ছিল না, এখন সেখানেও প্রচুর নিয়োগ হচ্ছে।

প্রতিটি ইন্ডাস্ট্রিতেই কাজের অনেক স্তর থাকে। সফটওয়্যার তৈরির সংস্থা ইঞ্জিনিয়ার যেমন নিয়োগ করে, তেমনই আবার উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য কিংবা সার্ভে, সেলস, দোকান বা ফ্যাক্টরির কাজ পরিচালনা করার জন্য সাধারণ স্নাতক থেকে মাধ্যমিক পাশ যোগ্যতার প্রচুর ছেলেমেয়ে নিয়োগ করে।

ইন্টারনেট সংক্রান্ত নানারকম কাজের এখন রমরমা বাজার। ওলা-উবরের মতো অ্যাপস-নির্ভর গাড়ির ট্র্যাকিং ডিভাইস তৈরি করা থেকে নানা ধরনের নিত্যনতুন কন্ট্রোলিং অ্যাপসও তৈরি করছে বিভিন্ন সংস্থা। এই ধরনের ইন্ডাস্ট্রি ক্রমশই বিপুল কলেবর ধারণ করছে। সেই অনুযায়ী যোগ্য লোকের চাহিদাও তৈরি হচ্ছে।

তাছাড়া এখন রিয়েল এস্টেটের রমরমা। প্রচুর বাড়ি, অফিস তৈরি হচ্ছে শহর এবং শহরতলিতে। সেইসব জায়গায় প্রশাসনিক কাজকর্ম দেখার কর্মী, সিকিউরিটি স্টাফের প্রচুর চাহিদা রয়েছে।

ব্যাঙ্কিংয়ের ক্ষেত্রেও নতুন অনেক সংস্থাকে লাইসেন্স দেওয়া হচ্ছে। কাজের সুযোগ বাড়ছে সেখানেও। পাশাপাশি পণ্যের অনলাইন কেনাকাটা জনপ্রিয় হওয়ার পর সেখানেও খুলে গিয়েছে বিভিন্ন স্তরে কাজের সুযোগ।

আমাকে কাজের সূত্রে প্রায়শই গ্রামাঞ্চলে যেতে হয়। সেখানে দেখি, যেসব ছেলেমেয়েরা বেশিদূর পড়াশোনা করতে পারেনি, তারা কীভাবে জীবিকার্জন করবে তাই নিয়ে দুশ্চিন্তায় থাকে। অথচ সবার জন্যই এখন চাকরির সুযোগ আছে। তবে, চাকরি ভালো না মন্দ না ভেবে সুযোগটাকে কাজে লাগানোই হবে বুদ্ধিমানের কাজ। কাজ করতে করতে অভিজ্ঞতা বাড়বে। উন্নতির পথও খুলে যাবে।

মনে রাখতে হবে, শেখার চেষ্টা থাকলে এবং বাজারের পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নিতে পারলে একটা সুন্দর কেরিয়ার নিজেই তৈরি করে নেওয়া যায়।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company
PS AVIATION ACADEMY PVT LTD
Position Title
Ground Staff & Cabin Crew
Experience Location
Fresher, Kolkata, Delhi, Vizag
To apply for this job, log on to www.shine.com and search using 9240724 as keyword

Company
National Level Client of Career Care Guide
Position Title
Civil Site Engineer
Experience Location
0 to 4 Years, (M / F), West Bengal
To apply for this job, log on to www.shine.com

Company
Ecomm Corporate Recruitment Solutions
Position Title
Data Entry and Back Office Work
Experience Location
0-10 years, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Company
Crowd Link Staffing
Position Title
Customer Relationship Executive
Experience Location
Fresher, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Global India Consultants
Company
Global India Consultants
Position Title
Telecaller-Cum-Back Office Executive
Experience Location
Fresher & Experienced (0-4) years, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Emirates Manpower
Company
Emirates Manpower
Position Title
Telecaller
Experience Location
3 Years, Kolkata
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*

shine. Great careers start here

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের

# খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর পরীক্ষা ২৭ জানুয়ারি

1. রুপোর ব্যবহার প্রথম কোন সভ্যতায় দেখতে পাওয়া যায়?
(a) হরপ্পা (b) বৈদিক বা আর্য (c) সুমেরীয় (d) চিনা সভ্যতা
2. বৈদিক যুগে সরস্বতী ছিলেন কীসের দেবী?
(a) বিদ্যা (b) সমৃদ্ধি (c) নদী (d) সংগীত
3. ষোড়শ মহাজনপদে কোনটিতে প্রজাতন্ত্রের প্রচলন ছিল?
(a) বৃজি ও মল্ল (b) পাঞ্চাল ও কাশী (c) কুরু ও অস্মক (d) মগধ ও অঙ্গ
4. জাতীয় কংগ্রেসের (INC)-কে প্রথম নির্বাচিত সভাপতি ছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) সুভাষচন্দ্র বসু (c) জওহরলাল নেহরু (d) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
5. 'অধীনতামূলক মিত্রতা নীতি'র প্রবর্তক হলেন:
(a) লর্ড ওয়েলেসলি (b) স্যার জন শোর (c) লর্ড কর্নওয়ালিশ (d) রবার্ট ক্লাইভ
6. আর্যদের আদি নিবাসস্থল 'মধ্য এশিয়া' (Central Asia)' সর্বজনগ্রাহ্য এই মতের প্রবর্তক হলেন:
(a) ম্যাক্সমুলার (b) জন মার্শাল (c) আলেকজান্ডার ক্যানিংহাম (d) স্যার হুইলার
7. 'বাৎ-সিকান' বা 'মূর্তি ভঙ্গকারী' নামে খ্যাত ছিলেন:
(a) সবুক্তগিন (b) মহম্মদ বিন কাশিম (c) সুলতান মামুদ (d) আলপ্তগিন
8. 1026 খ্রিস্টাব্দে গুজরাটের বিখ্যাত সোমনাথ মন্দির লুঠ করেন সুলতান মামুদ। এটি তার কততম ভারত আক্রমণ?
(a) 15তম (b) 16তম (c) 17তম (d) 10তম
9. 'পর্তুগিজ নাবিক ভাস্কো দা গামা ভারতের কালিকট বন্দরে প্রথম পা রাখেন কবে?
(a) 1498 খ্রিস্টাব্দের 17 মে (b) 1498 খ্রিস্টাব্দের 14 এপ্রিল (c) 1598 খ্রিস্টাব্দের 12 জানুয়ারি (d) 1398 খ্রিস্টাব্দের 18 মে
10. পলাশীর যুদ্ধ কবে হয়েছিল?
(a) 1757 সালের 27 জুন (b) 1757 সালের 23 জুন (c) 1757 সালের 23 জুলাই (d) 1757 সালের 13 এপ্রিল
11. ভারতের ভূখণ্ডের পূর্বতম বিন্দু হল:
(a) ইন্দিরা কল (b) কিবিথু (c) পিগমেলিয়ান পয়েন্ট (d) গুহারমোটি
12. পৃথিবীর নিরক্ষীয় ব্যাস এবং মেরুদেশীয় ব্যাসের মধ্যে দূরত্ব:
(a) 47 কিমি (b) 53 কিমি (c) 43 কিমি (d) 55 কিমি
13. চিন ও ভারতের মধ্যে আন্তর্জাতিক সীমানা নির্ধারণকারী রেখা:
(a) ম্যাকমোহন লাইন (b) র‍্যাডক্লিফ লাইন (c) ক্রিক লাইন (d) LOC (লাইন অব কন্ট্রোল)
14. 'ডাম্পিয়ার হজেস রেখা পশ্চিমবঙ্গের কোন স্থানে অবস্থিত?
(a) কোচবিহার (b) সুন্দরবন (c) পুরুলিয়া (d) নদিয়া
15. পশ্চিমবঙ্গের রাজ্যবৃক্ষ কোনটি?
(a) ডালিম (b) ছাতিম (c) বট (d) আম
16. 1946 সালের 11 ডিসেম্বর গণপরিষদের দ্বিতীয় অধিবেশনে স্থায়ী নির্বাচিত সহসভাপতি ছিলেন:
(a) সচ্চিদানন্দ সিনহা (b) ডঃ রাজেন্দ্র প্রসাদ (c) হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় (d) বি এন রাউ
17. 'অর্ন্তবর্তী' সরকার (Interim Govt.) কবে গঠিত হয়?
(a) 1945 সালের 2 সেপ্টেম্বর (b) 1946 সালের 2 সেপ্টেম্বর (c) 1944 সালের 3 জুন (d) 1944 সালের 3 মে
18. ভারতের সংবিধানে মৌলিক অধিকার এবং মৌলিক কর্তব্য কোন কোন দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে?
(a) আমেরিকা যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত রাশিয়া (b) আমেরিকা যুক্তরাষ্ট্র এবং ইংল্যান্ড (c) সোভিয়েত রাশিয়া এবং দক্ষিণ আফ্রিকা (d) কোনওটিই নয়
19. কেন্দ্রতালিকা, রাজ্যতালিকা এবং যুগ্মতালিকা ভারতীয় সংবিধানের কোন তফশিল (Schedule)-এ আছে?
(a) ষষ্ঠ (b) সপ্তম (c) চতুর্থ (d) তৃতীয়
20. রাজ্যসভায় কেন্দ্রশাসিত অঞ্চল থেকে কতজন সদস্য নির্বাচিত হন?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
21. প্রথম অর্থনৈতিক পরিকল্পনা শুরু হয় 1927 সালে কোন দেশে?
(a) সোভিয়েত রাশিয়া (b) আমেরিকা যুক্তরাষ্ট্র (c) ইংল্যান্ড (d) জার্মানি
22. স্বাধীন ভারতে প্রথম পরিকল্পনা কমিশন গঠিত হয়:
(a) 1950 সালের 14 মার্চ (b) 1950 সালের 15 মার্চ (c) 1951 সালের 13 মার্চ (d) 1948 সালের 15 এপ্রিল
23. জাতীয় উন্নয়ন পরিষদ (NDC) গঠিত হয়:
(a) 1952 সালের 6 অগাস্ট (b) 1962 সালের 6 অগাস্ট (c) 1966 সালের 7 মে (d) কোনওটিই নয়
24. RBI -এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
(a) দিল্লি (b) কলকাতা (c) চেন্নাই (d) মুম্বই
25. চতুর্দশ অর্থ কমিশনের সভাপতি হিসেবে মনোনীত হন:
(a) রঘুরাম রাজন (b) উর্জিত প্যাটেল (c) ওয়াই ভি রেড্ডি (d) ডি সুব্বারাও
26. 'চিকনগুনিয়া' রোগের বাহক:
(a) এডিস মশকী (b) কিউলেক্স ও এডিস মশকী (c) অ্যানোফিলিস মশা (d) এডিস মশা
27. উদ্ভিদের ক্লোরোফিল দ্বারা শোষিত আলোকরশ্মির কত শতাংশ সালোকসংশ্লেষে ব্যবহৃত হয়?
(a) 2 – 3% (b) 1 – 2% (c) 4 – 5% (d) কোনওটিই নয়
28. বায়ু দ্বারা বাহিত রোগ কোনটি?
(a) কলেরা, টাইফয়েড ও আমাশা (b) ম্যালেরিয়া, কালাজ্বর ও ফাইলেরিয়া (c) হাম, যক্ষ্মা ও ডিপথেরিয়া (d) কোনওটিই নয়
29. সাধারণ তুলাযন্ত্রের (Common Balance) ওজন বাক্সে বাটখারাগুলি কী অনুপাতে রাখা হয়?
(a) 5 : 4 : 3 : 2 (b) 5 : 3 : 2 : 1 (c) 5 : 4 : 2 : 1 (d) 5 : 2 : 2 : 1
30. শুকনো বরফ (Dry Ice)-এর উষ্ণতা কত?
(a) –78.5° C (b) –44.5° C (c) –58.5° C (d) কোনওটিই নয়
31. প্রথম বাঙালি ICS অফিসার কে?
(a) সুভাষচন্দ্র বসু (b) সত্যেন্দ্রনাথ ঠাকুর (c) জ্ঞানেন্দ্র মোহন ঠাকুর (d) উদয়শঙ্কর
32. ভারতের প্রথম মহিলা রেলমন্ত্রী কে?
(a) বিজয়লক্ষ্মী পণ্ডিত (b) ইন্দিরা গান্ধী (c) মমতা ব্যানার্জি (d) মেনকা গান্ধী
33. বিদেশের মাটিতে প্রথম শহিদ কে?
(a) উধম সিং (b) মদন লাল ধিংড়া (c) মহম্মদ সিং আজাদ (d) এঁদের কেউই নন
34. আন্তর্জাতিক ভূমি দিবস কোন দিনকে বলা হয়?
(a) 22 এপ্রিল (b) 21 এপ্রিল (c) 22 মার্চ (d) 23 জুন
35. 'কামিকেজ' কোথাকার পাইলট?
(a) রাশিয়া (b) চিন (c) জাপান (d) কোরিয়া (উত্তর)
36. পৃথিবীর বেশি সংখ্যক মানুষ কোন ভাষায় কথা বলেন?
(a) ইংরেজি (b) চিনা (c) মান্দারিন (d) কোনওটিই নয়
37. 'পুলু' কাদের বলে?
(a) ফ্রান্সের সৈন্যদের (b) ফ্রান্সের পুলিশদের (c) লন্ডনের পুলিশদের (d) আমেরিকার সৈন্যদের
38. 'গাজা' ভূ-খণ্ডটি কোথায় অবস্থিত?
(a) ইরাক ও ইরান (b) মিশর ও ইজরায়েল (c) ইজরায়েল ও প্যালেস্টাইন (d) মক্কা ও মদিনা
39. বিশ্বকাপ ফুটবল 2022-এ অনুষ্ঠিত হবে কোথায়?
(a) জাপান (b) কাতার (c) সৌদি আরব (d) দক্ষিণ আফ্রিকা
40. পাকিস্তান সুপ্রিম কোর্টের প্রথম হিন্দু মুখ্য বিচারপতি কে ছিলেন?
(a) হীরালাল ভগবান দাস (b) রামপ্রসাদ শর্মা (c) রানা ভগবান দাস (d) এঁদের কেউই নন
41. অনার্যদের বেদ কোনটি?
(a) ঋগ্বেদ (b) সাম বেদ (c) অথর্ব বেদ (d) যজুর্বেদ
42. 1857 সালের মহাবিদ্রোহে কোথাকার সেনাবাহিনী সম্পূর্ণ ব্রিটিশ সরকারের প্রতি অনুগত ছিল?
(a) মিরাট (b) দিল্লি (c) মাদ্রাজ (d) কোনওটিই নয়
43. 'সব লাল হো যায়ে গা' কার উক্তি?
(a) লালা লাজপত রায় (b) মোতিলাল নেহরু (c) রণজিৎ সিং (d) এঁদের কেউই নন
44. 'We shall unsettle the settled fact' কার উক্তি?
(a) বাল গঙ্গাধর তিলক (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) লালা লাজপত রায় (d) জওহরলাল নেহরু
45. গান্ধীজি নাটালে একটি ফার্ম গড়ে তোলেন, তার নাম:
(a) ফোনেক্স ফার্ম (b) টলস্টয় ফার্ম (c) রাস্কিন ফার্ম (d) কোনওটিই নয়
46. সম্প্রতি নিযুক্ত রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান:
(a) হরিবংশ নারায়ণ সিং (b) বি কে হরিপ্রসাদ (c) ভেঙ্কাইয়া নাইডু (d) এইচ এল দাত্তু
47. সুপ্রিম কোর্টের নবনিযুক্ত প্রধান বিচারপতি কে?
(a) রঞ্জন গগৈ (b) দীপক মিশ্র (c) আর এফ নরিম্যান (d) ইন্দু মালহোত্রা
48. 'পাকিয়ং' বিমানবন্দর কোথায় অবস্থিত?
(a) অসম (b) অরুণাচল প্রদেশ (c) সিকিম (d) মণিপুর
49. বর্তমানে পশ্চিমবঙ্গের রাজ্য নির্বাচন কমিশনার কে?
(a) কিশোর দত্ত (b) অত্রি ভট্টাচার্য (c) অমরেন্দ্র কুমার সিং (d) এঁদের কেউই নন
50. সম্প্রতি IPC-এর কোন ধারাটি অসাংবিধানিক বলে রায় দিয়েছে সুপ্রিম কোর্ট?
(a) 497 ব্যভিচার (b) 498 ব্যভিচার (c) 499 ব্যভিচার (d) কোনওটিই নয়
51. উচ্চ-মাধ্যমিকের পরীক্ষায় একটি বিদ্যালয়ের মোট পরীক্ষার্থীর $\frac{1}{3}$ অংশ অপেক্ষা 4 জন বেশি প্রথম ডিভিশনে, $\frac{1}{4}$ অংশ অপেক্ষা 3 জন বেশি দ্বিতীয় ডিভিশনে এবং 103 জন পরীক্ষার্থী ফেল করে। ওই বিদ্যালয়ে মোট কতজন ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছিল?
(a) 203 (b) 233 (c) 264 (d) 254
52. একটি বাস স্ট্যান্ড থেকে A, B ও C তিন রুটের বাস যথাক্রমে প্রতি 4, 15 ও 16 মিনিট অন্তর ছাড়ে। তিন রুটের বাস সকাল 6টায় একসঙ্গে ছাড়ার পর পুনরায় কোন সময় একসঙ্গে ছাড়বে?
(a) সকাল 8টায় (b) সকাল 7টায় (c) সকাল 10 টায় (d) দুপুর 12 টায়
53. A ও B একত্রে একটি কাজ শেষ করতে পারে 3 দিনে। দু'জনে একত্রে কাজ শুরু করার 2 দিন পর B চলে যাওয়ায় A একা অবশিষ্ট কাজ শেষ করে 2 দিনে। B একা ওই কাজটি কতদিনে শেষ করতে পারে?
(a) 5 দিনে (b) 6 দিনে (c) 7 দিনে (d) 8 দিনে

এরপর এগারোর পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# স্টেনোগ্রাফার

নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**General Intelligence**

1. Starting from a point, a person walked 12m North, he turned right and walked 10m, he again turned right and walked 12m, then he turned left and walked 5m. How far is he now and in which direction from the starting point?
(a) 10m towards east (b) 5m towards west (c) 10m towards west (d) 15 m towards east
2. Pointing to a man in a photograph, a woman said the father of his brother is the only son of my grandfather,' How is the woman related to the man in the photograph?
(a) Sister (b) Mother (c) Aunt (d) Daughter
3. In a row of boys facing the North, A is 16th from the left and C is 16th from the right end. B who is 4th to the right to A, is 5th to the left of C in the row. How many boys are there in the row?
(a) 42 (b) 39 (c) 40 (d) 41
4. In a class of 42 students, Mahesh's rank is 16th from the bottom. What is his rank from the top?
(a) 27th (b) 25th (c) 26th (d) 24th

**Direction (5 to 10):** *Find out the related word/letter/number figure from the given alternatives.*

5. Madhya Pradesh : Bhopal : : Maharashtra : ?
(a) Kolkata (b) Chandigarh (c) Mumbai (d) Ahmedabad
6. 9 : 162 : : 8 : ?
(a) 128 (b) 96 (c) 112 (d) 162
7. Life : Autobiography : : Witness : ?
(a) Papers (b) Truth (c) Documents (d) Acceptance
8. Adult : Baby : : Flower : ?
(a) Butterfly (b) Fruit (c) Bud (d) Seed
9. AZBY : BYAZ : : BXCW : ?
(a) CWDX (b) BWWZ (c) CWBX (d) BWXZ
10. Question Figure



Answer Figure



(a) (b) (c) (d)

**Direction (11 to 16):** *Find out the odd word/letter/number/figure from the given alternatives.*

11. (a) Bees –Hum (b) Lion–Roar (c) Frog–Bloat (d) Snake–Hiss
12. (a) CRDT (b) APBQ (c) GWHX (d) EUFV
13. (a) 36-6 (b) 49-7 (c) 64-8 (d) 80-9
14. (a) 83 (b) 39 (c) 21 (d) 51
15. (a) Chilli (b) Potato (c) Garlic (d) Ginger
16.



(a) (b) (c) (d)

**Direction (17 to 22):** *Find out the suitable alternative to complete the series.*

17. 10, 14, 28, 32, 64, 68
(a) 136 (b) 32 (c) 28 (d) 164
18. 0, 7, 26, 63, 124, _?_
(a) 215 (b) 512 (c) 251 (d) 125
19. ____ bbm ____ amb ___ m ____ a ____ bb
(a) ambbm (b) mabam (c) abmab (d) mbabm
20. NOA, PQB, RSC, _?_ .
(a) DTU (b) FNQ (c) TUD (d) ENO
21. Question Figure



Answer Figure



(a) (b) (c) (d)

22. A, B, C, D and E are sitting around a round table. A is between E and F, E is opposite to D and C is not in either of the neighbouring seats of E. Who is opposite to B?
(a) D (b) F (c) C (d) None of these

এরপর এগারোর পাতায়

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে স্টেনোগ্রাফার নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

23. What will be the missing number?

| | | |
|---|---|---|
| 6 | 4 | 7 |
| 1 | 2 | 5 |
| 7 | 6 | ? |

(a) 12 (b) 8 (c) 9 (d) 13

24. If 'A' means '×', 'B' means '÷', 'C' means '+' and 'D' means '–', then what is the value of 180 B 15 D 11 C 8 A 10 ?
(a) 92 (b) 80 (c) 81 (d) 83

**Direction (25 and 26):** *These questions are based on the following informations. Read the informations and answer the questions.*
Five men A, B, C, D and E read a newspaper. The one who reads first gives it to C. The one who reads last had taken it from A. E was not the first or the last to read. There are two readers between B and A.

25. B passed the newspaper to whom?
(a) E (b) D (c) C (d) A

26. Who reads the newspaper last?
(a) D (b) C (c) B (d) A

**Direction (27 and 28):** *Arrange the following words in a meaningful logical order and then select the appropriate sequence from the given alternatives.*

27. 1. Gold 2. Iron 3. Sand 4. Platinum 5. Diamond
(a) 5, 4, 3, 2, 1 (b) 4, 5, 1, 3, 2 (c) 2, 4, 3, 5, 1 (d) 3, 2, 1, 5, 4

28. 1. Study 2. Job 3. Examination 4. Earn 5. Apply
(a) 1, 3, 5, 2, 4 (b) 1, 2, 3, 4, 5 (c) 1, 3, 2, 5, 4 (d) 1, 3, 5, 4

29. In a code language the following alphabets are coded in a particular way.

| R | T | S | U | V | A | B | C | D | E |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 8 | 5 | 2 | 0 | 6 | 7 | 9 | 1 | 3 | 4 |

Which word can be formed from the following?
647319
(a) BAVUED (b) DRSUVA (c) VBADAC (d) VEADCB

**Direction (30 and 31):** *In each question given below are two statements followed by two given statements to be true even if they seem to be at variance from commonly known facts and decide which of the given conclusions logically follows from the given two statements, disregarding commonly known facts.*
Given Answers
(a) If only conclusion I follows (b) If only conclusion II follows (c) If neither I nor II follows (d) If both I and II follow

30. Statement: I. All terrorists are human.
II. All humans are bad.
Conclusion: I. All terrorists are bad.
II. No human can be a terrorist.
(a) (b) (c) (d)

31. Statements I. All men are dogs.
II. All dogs are cats.
Conclusion: I. All men are cats.
II. All cats are men.
(a) (b) (c) (d)

32. Select the suitable alternative that exactly matches with the mirror image of the given word.
ZEBRA
(a) AЯBƎZ (b) AЯBƎZ (c) AЯBEZ (d) AЯBEZ

33. The diagram given below represents owner, broker and worker. Identify the region which represents all the three i.e. owner, broker and worker.




(a) R (b) P (c) T (d) L

34. A square paper is folded in a particular manner and a punch is made. When unfolded the paper appears as given below. Find the manner in which the paper is folded and punch is made.
Question Figure



Answer Figure



(a) (b) (c) (d)

35. How many numbers of triangles are there in the figure given below?



(a) 12 (b) 10 (c) 16 (d) 14

36. Which one of the answer figures will complete the given question figure?
Question Figure



Answer Figure



(a) (b) (c) (d)

37. Four friends were playing a game of cards sitting in a circle. Manu was right to Jiya and Lalita was left to Manas. Which one of the following pairs were the partners?
(a) Manas and Lalita (b) Jiya and Manu (c) Jiya and Lalita (d) Lalita and Manu

38. From the given answer figures, select the one in which the question figure is hidden/embedded.
Question Figure



Answer Figures



(a) (b) (c) (d)

**Direction (39 and 40):** *Find out the relationships among the following and choose the proper venn diagram. Father, Mother, Parents.*

39.



(a) (b) (c) (d)

40. Tables, Chairs, Furniture



(a) (b) (c) (d)

**Direction (41 and 42):** *Which of the following words cannot be formed using the letters of the given word.*

41. INTELLIGENCE
(a) TILLAGE (b) NEGLECT (c) GENTLE (d) TINGLE

42. GRANDIOSE
(a) DRAINS (b) DOSING (c) DRAGON (d) DURING

43.




Two positions of a block are shown below when 5 is on top, what is at the bottom?
(a) 3 (b) 2 (c) 4 (d) 6

44. How many Ls are there which do not have R preceding them and also do not have T following them?
Z Q S T L R M N Q N R T U V X R L T A S L T Q R S L T
(a) 5 (b) 2 (c) 1 (d) 3

45. Each letter of the alphabet from A to Z has been given a value from 1 to 26 serially. What is the total value of the following word?
CONSTITUTIONAL
(a) 160 (b) 192 (c) 179 (d) 142

46. If Flower is called forest, forest is called sea, sea is called white, white is called fruit, what is the colour of milk?
(a) flower (b) fruit (c) forest (d) sea

**Direction (47 to 50):** *A word is represented by only one set of numbers as given in any one of the alternatives. A letter from these matrices can be represented first by its row and next by column number. For example, B can be represented by 10, 22 etc. U can be represented by 11, 23 etc. Similarly identify the given words in the questions.*

এরপর বারোর পাতায়

## পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

54. 50 জন লোক প্রতিদিন 6 ঘণ্টা কাজ করে একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। ওই কাজের দ্বিগুণ কাজ 60 জন লোক দৈনিক কতঘণ্টা করে করলে 8 দিনে শেষ করতে পারবে?
(a) 15 দিনে (b) $6\frac{2}{3}$ দিনে (c) $21\frac{3}{5}$ দিনে (d) $9\frac{3}{5}$ দিনে

55. এক ব্যক্তি বাড়ি থেকে 1 কিলোমিটার দূরে রেলস্টেশন থেকে 10 মিনিট পরে ছাড়বে এমন ট্রেনকে ধরার জন্য প্রথমে কিছুটা পথ 4 কিলোমিটার গতিতে হেঁটে এবং অবশিষ্ট পথ 8 কিলোমিটার গতিতে রিকশায় গিয়ে যথাসময়ে স্টেশনে পৌঁছয়। ওই ব্যক্তি কতটা পথ রিকশায় গিয়েছিল?
(a) $\frac{1}{3}$ কিমি (b) $\frac{2}{3}$ কিমি (c) $\frac{1}{5}$ কিমি (d) $\frac{4}{5}$ কিমি

56. একই স্থান থেকে 6 মিনিট অন্তর দু'বার বন্দুকের আওয়াজ করা হয়। আওয়াজের উৎসস্থলের দিকে ধাবমান এক ব্যক্তি প্রথম আওয়াজ শোনার 5 মিনিট 52 সেকেন্ড পরে দ্বিতীয় আওয়াজটি শুনতে পায়। শব্দের গতি সেকেন্ডে 330 মিটার হলে, লোকটির গতি ঘণ্টায়:
(a) 24 কিমি (b) 27 কিমি (c) 30 কিমি (d) 36 কিমি

57. এক ব্যক্তি 500 টাকায় একটি ঘোড়া ও একটি গাড়ি কিনল। ঘোড়াটি 20% লাভে এবং গাড়িটি 10% লোকসানে বিক্রয় করে দেখা যায় মোটের ওপর 2% লাভ হয়েছে। ঘোড়ার ক্রয়মূল্য কত?
(a) 250 টাকা (b) 300 টাকা (c) 200 টাকা (d) 180 টাকা

58. দু'টি সমপরিমাণ অর্থ 10% ও $12\frac{1}{2}$ % সরল সুদে জমা রাখার 1 বছর পর মোট সুদ-আসল হয় 17,800 টাকা। প্রতিক্ষেত্রে কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 7000 টাকা (b) 7500 টাকা (c) 8000 টাকা (d) 7900 টাকা

59. এক ব্যক্তি একটি ঘড়ি $9\frac{1}{11}$ % ক্ষতিতে বিক্রয় করে, যদি ঘড়িটি 30 টাকা দিয়ে মেরামত করে আরও 100 টাকা বেশি দামে বিক্রয় করা হত, তাহলে 20% লাভ হত। ঘড়িটির ক্রয়মূল্য:
(a) 400 টাকা (b) 520 টাকা (c) 240 টাকা (d) 220 টাকা

60. কোনও নির্দিষ্ট পরিমাণ টাকার 2 বছরের সুদ-আসল 1375 টাকা এবং 5 বছরের সুদ-আসল 1562.50 টাকা হলে, 20 বছরের সুদ-আসল হবে:
(a) 2075 টাকা (b) 2275 টাকা (c) 2300 টাকা (d) 2500 টাকা

61. A ও B এর মাসিক বেতনসমষ্টি 9000 টাকা। A মোট বেতনের 90% এবং B মোট বেতনের 80% খরচ করে। A ও B-এর সঞ্চয়ের অনুপাত 3 : 4 হলে, A-এর মাসিক বেতন:
(a) 3600 টাকা (b) 4800 টাকা (c) 4200 টাকা (d) 5400 টাকা

62. একটি শ্রেণির 40 জন ছাত্রের গড় বয়স 8 বছর ও 50 জন ছাত্রীর গড় বয়স 5 বছর। যদি ওই শ্রেণির ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত 1 : 2 হয়, তাহলে শ্রেণির সকল ছাত্র-ছাত্রীর গড় বয়স হবে:
(a) 5 বছর (b) 6 বছর (c) 7 বছর (d) 7.5 বছর

63. একটি শ্রেণির 24 জন ছাত্রের মধ্য থেকে 10 বছরের একজন ছাত্র চলে যাওয়ায় এবং ওই স্থানে একজন নতুন ছাত্র ভর্তি হওয়ায় ছাত্রদের গড় বয়স পূর্বের তুলনায় 2 মাস বৃদ্ধি পায়। ভর্তি হওয়া নতুন ছাত্রের বয়স:
(a) 20 বছর (b) 18 বছর (c) 16 বছর (d) 14 বছর

64. অংশীদারি ব্যবসায় B, A অপেক্ষা 200 টাকা বেশি মূলধন বিনিয়োগ করে 3 মাসের জন্য এবং A মূলধন বিনিয়োগ করে 4 মাসের জন্য। মোট 520 টাকা লাভ থেকে A, B অপেক্ষা 40 টাকা বেশি লভ্যাংশ পায়। A ব্যবসায় কত টাকা বিনিয়োগ করেছিল?
(a) 2500 টাকা (b) 3000 টাকা (c) 3500 টাকা (d) 1400 টাকা

65. একটি সংকর ধাতুতে দস্তা ও তামার অনুপাত 5 : 3 । 16 কিলোগ্রাম সংকর ধাতুর সঙ্গে কত পরিমাণ দস্তা মেশালে ধাতুদু'টির অনুপাত হবে 2 : 1?
(a) 2 কিলোগ্রাম (b) 3 কিলোগ্রাম (c) 5 কিলোগ্রাম (d) 8 কিলোগ্রাম

66. খাঁটি গ্লিসারিনে 25% জল মিশ্রিত করে 50 লিটার মিশ্রণ তৈরি করা হয়। ওই মিশ্রণে আরও কত লিটার গ্লিসারিন মিশ্রিত করলে জলের পরিমাণ মোট মিশ্রণের 5% হবে?
(a) 130 (b) 140 (c) 150 (d) 160

67. দু'প্রকার মিশ্রণে স্পিরিট ও জলের অনুপাত 5 : 2 এবং 4 : 1। প্রথম প্রকার 1 লিটার তরলের সঙ্গে দ্বিতীয় প্রকার 2 লিটার তরল মিশ্রিত করলে, তৃতীয় তরলে স্পিরিট ও জলের অনুপাত হবে:
(a) 27 : 8 (b) 25 : 6 (c) 24 : 5 (d) 20 : 3

68. প্রত্যহ 5 ঘণ্টা কাজ করে A একটি কাজ 12 দিনে এবং প্রত্যহ 4 ঘণ্টা কাজ করে B কাজটি 10 দিনে করতে পারে। A ও B একত্রে প্রত্যহ 6 ঘণ্টা কাজ করে কাজটি কত দিনে করতে পারে?
(a) 4 দিন (b) 3 দিন (c) 5 দিন (d) 6 দিন

69. দু'টি সংখ্যা তৃতীয় সংখ্যা অপেক্ষা যথাক্রমে 10% এবং 25% বেশি হলে, প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যা অপেক্ষা শতকরা কত কম?
(a) 5% (b) 10% (c) 12% (d) 15%

70. দু'প্রকার সংকর ধাতুতে তামা ও দস্তার অনুপাত যথাক্রমে 2 : 3 এবং 5 : 4 দু'প্রকার সংকর ধাতু সমপরিমাণে মিশ্রিত করে তৃতীয় প্রকার সংকর ধাতু তৈরি করা হলে, তৃতীয় মিশ্রণে তামা ও দস্তার অনুপাত হবে:
(a) 42 : 43 (b) 43 : 47 (c) 43 : 45 (d) 43 : 48

71. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য ও প্রস্থ 1 মিটার বাড়ালে ঘরের ক্ষেত্রফল 21

এরপর বারোর পাতায়

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের

## খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

এগারোর পাতার পর

বর্গমিটার বৃদ্ধি পায় কিন্তু দৈর্ঘ্য 1 মিটার বাড়লে ও প্রস্থ 1 মিটার কমালে ক্ষেত্রফল 5 বর্গমিটার হ্রাস পায়। ঘরের দৈর্ঘ্য:
(a) 12 মিটার (b) 10 মিটার (c) 8 মিটার (d) 9 মিটার

72. A, B ও C বছরের শুরুতে 1 : 3 : 5 অনুপাতে মূলধন বিনিয়োগ করে একটি যৌথ ব্যবসা শুরু করে। 4 মাস পর A পূর্বের সম-পরিমাণ অর্থ পুনরায় বিনিয়োগ করে কিন্তু B ও C প্রত্যেকে বিনিয়োগ করা অর্থের অর্ধেক তুলে নেয়। বছরের শেষে তিন জনের লভ্যাংশের অনুপাত:
(a) 5 : 6 : 10 (b) 6 : 5 : 10 (c) 10 : 5 : 6 (d) 4 : 3 : 5

73. একটি বৃত্তাকার মাঠের চারিদিকে সমপরিসরে রাস্তা আছে। রাস্তার ভিতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে, রাস্তার প্রশস্ততা:
(a) 7 মিটার (b) 14 মিটার (c) 3.5 মিটার (d) 10.5 মিটার

74. 80 মিটার দৈর্ঘ্য ও 60 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার মাঠের মাঝখানে দৈর্ঘ্য ও প্রস্থবরাবর 10 মিটার চওড়া রাস্তা তৈরি করা হল। রাস্তা তৈরি করতে প্রতি বর্গমিটারে 3 টাকা দরে মোট কত খরচ হবে?
(a) 2400 টাকা (b) 3000 টাকা (c) 3600 টাকা (d) 3900 টাকা

75. 3 জন পুরুষ বা 5 জন স্ত্রীলোক একটি কাজ 17 দিনে শেষ করতে পারে। অনুরূপ একটি কাজ 7 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোক কতদিনে শেষ করতে পারবে?
(a) $3\frac{3}{4}$ দিন (b) $3\frac{5}{7}$ দিন (c) $4\frac{3}{7}$ দিন (d) $7\frac{3}{5}$ দিন

76. 40 জন লোক একটি কাজ যতদিনে করতে পারে, 30 জন লোকের কাজটি শেষ করতে তদপেক্ষা 6 দিন বেশি সময় লাগে। ওই কাজটি 60 জন লোক কতদিনে শেষ করতে পারবে?
(a) 16 দিনে (b) 24 দিনে (c) 20 দিনে (d) 12 দিনে

77. একটি কাজ A ও B একত্রে 10 দিনে, B ও C একত্রে 15 দিনে এবং C ও A একত্রে 20 দিনে করতে পারে। কাজটি A একা কতদিনে করতে পারে?
(a) 20 দিন (b) 24 দিন (c) 60 দিন (d) 120 দিন

78. একটি ট্রেন যখন প্রকৃত গতির $\frac{5}{8}$ অংশ গতিতে যায়, গন্তব্যস্থলে পৌঁছতে 1 ঘণ্টা 12 মিনিট সময় বেশি লাগে। প্রকৃত গতিতে গন্তব্যস্থলে পৌঁছতে সময় লাগে:
(a) 2.5 ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) 2.25 ঘণ্টা (d) 1.8 ঘণ্টা

79. একটি পরিবারে মজুত চাল থেকে প্রত্যহ 5 কিলোগ্রাম চাল দান করলে ওই পরিবারের 30 দিন চলে এবং প্রত্যহ 8 কিলোগ্রাম চাল দান করলে মাত্র 25 দিন চলে। ওই পরিবারের খাদ্য ভাণ্ডারে মজুত চালের পরিমাণ:
(a) 400 কিলোগ্রাম (b) 450 কিলোগ্রাম (c) 500 কিলোগ্রাম (d) 425 কিলোগ্রাম

80. একটি চৌবাচ্চা A নল দ্বারা 5 মিনিটে জলপূর্ণ হয় এবং B নল দ্বারা 10 মিনিটে খালি হয়। অর্ধেক জলপূর্ণ অবস্থায় নলদু'টি একসঙ্গে খুললে কতক্ষণে চৌবাচ্চার $\frac{3}{4}$ অংশ পূর্ণ হবে?
(a) $2\frac{1}{2}$ মিনিটে (b) 5 মিনিটে (c) $7\frac{1}{2}$ মিনিটে (d) $4\frac{3}{4}$ মিনিটে

81. একটি সংখ্যাকে পর্যায়ক্রমে 5 ও 9 দ্বারা ভাগ করা হলে, অবশিষ্ট থাকে যথাক্রমে 4 ও 3। সংখ্যাটিকে 45 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে:
(a) 23 (b) 34 (c) 19 (d) 43

82. 60 মিটার ও 90 মিটার লম্বা দু'টি ট্রেন যথাক্রমে 48 কিমি ও 60 কিমি গতিতে বিপরীত দিক থেকে আসে। প্রথম ট্রেনের একজন যাত্রী কত সময়ে দ্বিতীয় ট্রেনটিকে অতিক্রম করবে?
(a) 3 সেকেন্ডে (b) 4 সেকেন্ডে (c) 2 সেকেন্ডে (d) 7.5 সেকেন্ডে

83. কিছু টাকা প্রথম 3 বছরের বার্ষিক 6% সরল সুদে, পরবর্তী 5 বছর বার্ষিক 8% সরল সুদে এবং 8 বছরের পরবর্তী সময় বার্ষিক 10% সরল সুদে জমা রাখা হল। যদি 10 বছর শেষে মোট সুদের পরিমাণ 1560 টাকা হয়, তাহলে কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 1500 টাকা (b) 2000 টাকা (c) 3000 টাকা (d) 4000 টাকা

84. একটি নির্বাচনী কেন্দ্রে 20% ভোটার ভোটদানে বিরত ছিল। বিজয়ী প্রার্থী প্রদত্ত ভোটের 70% পেয়ে নিকটতম একমাত্র প্রতিদ্বন্দ্বীকে 4960 ভোটে পরাস্ত করে। ওই কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা:
(a) 16000 (b) 15500 (c) 15000 (d) 14500

85. বছরের শুরুতে একটি গ্রামের মোট জনসংখ্যা ছিল 2000। সারা বছরে পুরুষের সংখ্যা বৃদ্ধি পায় 10% কিন্তু স্ত্রীলোকের সংখ্যা হ্রাস পায় 6%। বছরের শেষে দেখা যায় মোট জনসংখ্যার কোনও পরিবর্তন হয়নি। বছরের শুরুতে ওই গ্রামে মোট কতজন পুরুষ ছিল?
(a) 600 (b) 720 (c) 750 (d) 1250

86. সমপরিমাণ অর্থ 14% ও 16% সরল সুদে জমা রাখার 5 বছর পর মোট সুদ হয় 45,000 টাকা। জমা রাখা মোট অর্থের পরিমাণ:
(a) 15,000 টাকা (b) 20,000 টাকা (c) 30,000 টাকা (d) 60,000 টাকা

87. এক ব্যক্তি টাকায় 20টি দরে কিছু সংখ্যক কমলালেবু এবং সমসংখ্যক কমলালেবু টাকায় 30টি দরে ক্রয় করে। যদি ওই ব্যক্তি সমস্ত কমলালেবু টাকায় 25টি দরে বিক্রয় করে, তাহলে লাভ/ক্ষতি হবে:
(a) 3% ক্ষতি (b) 4% ক্ষতি (c) 3% লাভ (d) 2% লাভ

88. একটি শ্রেণির 24 জন ছাত্রের মধ্য থেকে 10 বছরের একজন ছাত্র চলে যাওয়ায় এবং ওই স্থানে একজন নতুন ছাত্র ভর্তি হওয়ায় ছাত্রদের গড় বয়স পূর্বের তুলনায় 2 মাস বৃদ্ধি পায়। ভর্তি হওয়া নতুন ছাত্রের বয়স:
(a) 20 বছর (b) 18 বছর (c) 16 বছর (d) 14 বছর

89. একটি বাক্সে মোট 384টি মুদ্রা আছে। যদি এক টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 2 : 3 : 7 হয়, তবে বাক্সের মুদ্রাগুলির মোট মূল্য:
(a) 170 টাকা (b) 168 টাকা (c) 186 টাকা (d) 180 টাকা

90. A, B ও C যথাক্রমে 6500 টাকা, 9100 টাকা এবং 5200 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করল। 14400 টাকা লভ্যাংশের দুই-তৃতীয়াংশ নিজেদের মধ্যে সমভাবে এবং বাকি অংশ মূলধন অনুপাতে ভাগ করা হলে, B-এর লভ্যাংশ:
(a) 5300 টাকা (b) 4700 টাকা (c) 4400 টাকা (d) 5800 টাকা

91. A বছরের শুরুতে 12,000 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করে। B ও C যথাক্রমে 3 মাস ও 6 মাস পর ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে A, B ও C-এর লভ্যাংশের অনুপাত 2 : 3 : 5 হলে, B কত টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেছিল?
(a) 18000 টাকা (b) 24000 টাকা (c) 30000 টাকা (d) 36000 টাকা

92. ত্রিভুজাকৃতি একটি মাঠের ভূমির দৈর্ঘ্য উচ্চতার $2\frac{1}{2}$ গুণ। মাঠটিতে ঘাস বসাতে প্রতি 100 বর্গমিটারে 48 টাকা দরে মোট 960 টাকা খরচ হয়। মাঠটির দৈর্ঘ্য:
(a) 40 মিটার (b) 60 মিটার (c) 80 মিটার (d) 100 মিটার

93. একটি মেঝের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। প্রতি বর্গমিটারে 5 টাকা হিসেবে মেঝে তৈরি করতে মোট 250 টাকা খরচ হয়। মেঝের দৈর্ঘ্য:
(a) 5 মিটার (b) 10 মিটার (c) 15 মিটার (d) 20 মিটার

94. একটি শ্রেণির 30 জন ছাত্রের গড় বয়স 15 বছর এবং 20 জন ছাত্রীর গড় বয়স 14 বছর। ওই শ্রেণিতে আরও কয়েকজন নতুন ছাত্র-ছাত্রী ভর্তি হয় যাদের গড় বয়স 14 বছর। এখন ওই শ্রেণির সমস্ত ছাত্রছাত্রীর বয়সের গড় $14\frac{1}{2}$ বছর। নতুন কতজন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছিল?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12

95. 60.50 টাকা A, B ও C-এর মধ্যে এমনভাবে ভাগ করা হয় যে, A পায় B-এর $\frac{5}{8}$ অংশ এবং B পায় C এর $1\frac{1}{2}$ অংশ। মোট টাকা থেকে B পায়:
(a) 17.60 টাকা (b) 16.50 টাকা (c) 26.40 টাকা (d) 20.30 টাকা

96. এক ব্যবসায়ী দু'টি দ্রব্যের একটি 20% লাভে এবং অপরটি 10% লোকসানে বিক্রয় করায় মোট বিক্রয়মূল্য হয় 46 টাকা। আবার উভয় দ্রব্য 15% লাভে বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য পূর্বের সমান হয়। প্রথম দ্রব্যটি কত টাকায় বিক্রয় করেছিল?
(a) 20 টাকা (b) 22 টাকা (c) 24 টাকা (d) 25 টাকা

97. 2186 টাকা বার্ষিক 4% সরল সুদে এমন তিনটি ভাগে ভাগ করে জমা রাখতে হবে, যাতে প্রথম টাকার 1 বছরের সুদ-আসল, দ্বিতীয় টাকার 2 বছরের সুদ-আসল এবং তৃতীয় টাকার 3 বছরের সুদ-আসল সমান হয়। 3 বছরের জন্য কত টাকা জমা রাখতে হবে?
(a) 702 টাকা (b) 728 টাকা (c) 756 টাকা (d) 729 টাকা

98. রাম একটি কাজ 20 দিনে এবং রহিম 25 দিনে করতে পারে। দু'জনে একত্রে কাজ শুরু করার 5 দিন পর রহিম চলে যায়। অবশিষ্ট কাজ শেষ করতে রামের কতদিন সময় লাগবে?
(a) 11 দিন (b) 12 দিন (c) 13 দিন (d) 14 দিন

99. A-র গতি ঘণ্টায় 20 কিমি। A যাত্রা শুরু করে 2 কিমি পথ অতিক্রম করার পর B যাত্রা শুরু করে 10 মিনিটে A-কে ধরে ফেলে। B-র গতি ঘণ্টায়:
(a) 30 কিমি (b) 32 কিমি (c) 35 কিমি (d) 39 কিমি

100. পরপর 5টি জোড়সংখ্যার সমষ্টি 90 হলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল:
(a) 36 (b) 38 (c) 40 (d) 42

#### উত্তর

1(a), 2(c), 3(a), 4(b), 5(a), 6(a), 7(c), 8(b), 9(a), 10(b), 11(b), 12(c), 13(a), 14(b), 15(b), 16(c), 17(b), 18(a), 19(b), 20(c), 21(a), 22(b), 23(a), 24(d), 25(c), 26(a), 27(b), 28(c), 29(d), 30(a), 31(b), 32(c), 33(b), 34(a), 35(c), 36(c), 37(a), 38(b), 39(b), 40(c), 41(c), 42(c), 43(c), 44(b), 45(b), 46(a), 47(a), 48(c), 49(c), 50(a), 51(c), 52(c), 53(b), 54(a), 55(b), 56(b), 57(c), 58(c), 59(d), 60(d), 61(d), 62(b), 63(d), 64(d), 65(a), 66(c), 67(a), 68(a), 69(c), 70(b), 71(a), 72(a), 73(b), 74(d), 75(a), 76(d), 77(b), 78(b), 79(b), 80(a), 81(c), 82(a), 83(b), 84(b), 85(c), 86(d), 87(b), 88(d), 89(b), 90(a), 91(b), 92(d), 93(b), 94(c), 95(c), 96(c), 97(a), 98(a), 99(b), 100(a).

**সমাধান:**

51(c): মোট পরীক্ষার্থীর সংখ্যা = x জন ধরা হলে:

$$x-\left\{\left(\frac{x}{3}+4\right)+\left(\frac{x}{4}+3\right)\right\}=103$$

বা, $x-\frac{7x}{12}=110$ বা, $\frac{5x}{12}=110$

$\therefore x = 22 \times 12 = 264$ জন।

52(c): 4, 15 ও 16 মিনিটের ল.সা.গু. = $(16 \times 15)$ মিনিট = 4 ঘণ্টা

$\therefore$ সকাল 6টা + 4 ঘণ্টা = সকাল 10টায় তিন রুটের বাস একসঙ্গে ছাড়বে।

53(b): A ও B একত্রে 2 দিনে করে $\frac{2}{3}$ অংশ কাজ

A একা অবশিষ্ট $\left(1-\frac{2}{3}\right)=\frac{1}{3}$ অংশ কাজ করে 2 দিনে

$\therefore$ A একা সম্পূর্ণ কাজ করে = $2 \times 3 = 6$ দিনে

$\therefore$ B একা কাজটি করতে পারে = $\frac{6 \times 3}{6-3} = 6 = 6$ দিনে।

54(a): নির্ণেয় সময় = $\frac{50 \times 6 \times 12 \times 2}{60 \times 8} = 15$ ঘণ্টা।

55(b): 10 মিনিটে 1 কিমি অর্থাৎ, ঘণ্টায় গড় গতি = $60 \div 10 = 6$ কিমি

তাহলে দু'টি পথের সময়ের অনুপাত = $(8-6) : (6-4) = 1 : 1$

$\therefore$ রিকশায় 5 মিনিটে যায় = $8 \times \frac{5}{60} = \frac{2}{3}$ কিমি।

এরপর তেরোর পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## স্টেনোগ্রাফার

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

এগারোর পাতার পর

Matrix-I

| | 0 | 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|---|
| 0 | L | A | M | B | U |
| 1 | B | U | L | A | M |
| 2 | A | M | B | U | L |
| 3 | U | L | A | M | B |
| 4 | M | B | U | L | A |

Matrix-II

| | 5 | 6 | 7 | 8 | 9 |
|---|---|---|---|---|---|
| 5 | E | O | N | D | F |
| 6 | D | F | E | O | N |
| 7 | O | N | D | F | E |
| 8 | F | E | O | N | D |
| 9 | N | D | F | E | O |

47. LOAN
(a) 00, 99, 44, 58 (b) 12, 56, 13, 96 (c) 24, 68, 21, 89 (d) 31, 75, 32, 76

48. DEAF
(a) 65, 67, 32, 96 (b) 58, 55, 01, 58 (c) 89, 67, 44, 78 (d) 77, 79, 12, 66

49. DEAD
(a) 65, 65, 33, 78 (b) 96, 55, 44, 58 (c) 77, 98, 43, 67 (d) 89, 86, 21, 99

50. LEAF
(a) 00, 98, 32, 87 (b) 12, 67, 02, 59 (c) 31, 79, 13, 68 (d) 24, 55, 20, 78

**General Awareness**

51. The staple food of the Vedic Aryans was:
(a) vegetables and fruits (b) barley and rice (c) milk and its products (d) rice and pulses

52. The World Trade Organisation was formed in:
(a) 1999 (b) 1991 (c) 1995 (d) 1997

53. Who was the last Viceroy of India?
(a) Clement Attle (b) Lord Linlithgow (c) Lord Mountbatten (d) Lord Wavell

54. Copper is refined by:
(a) zone refining (b) roasting (c) oxidation (d) electrolysis

55. Which of the following metals occurs in free state?
(a) Zinc (b) Lead (c) Iron (d) Copper

56. A periscope works on the principle of:
(a) total internal reflection (b) reflection (c) refraction (d) diffraction

57. A rear view mirror for driving is:
(a) convex (b) inverted (c) concave (d) plain

58. Carbon dioxide is:
(a) a bleaching agent (b) an oxidising agent (c) a reducing agent (d) a dehydrating agent

59. Which one of the following is used as preservative for food stuff?
(a) Glycerin (b) Sodium Chloride (c) Sodium Benzoate (d) Picric acid

60. Which one of the following Chola Kings conquered Ceylon (Singhal) first?
(a) Vijayalaya (b) Aditya-I (c) Rajaraja-I (d) Rajendra

61. A Trade policy consists of:
(a) Balance of Payment Policy (b) Export-Import Policy (c) Foreign Exchange Policy (d) Licencing Policy

62. Mahalanobis Model has been associated with which Five-Year Plan?
(a) 2nd Five Year Plan (b) Fourth Five Year Plan (c) 1st Five-year Plan (d) 3rd Five-Year Plan

63. Who among the following Rajput kings defeated Muhammad Ghori for the first time?
(a) Kumar Pal (b) Prithviraj-II (c) Baghel Bhim (d) Jaichandra

64. What is needed for creating demand?
(a) Import (b) Production (c) Price (d) Income

65. Rath temples at Mahabalipuram were built in the reign of which Pallava ruler?
(a) Nandivarman-I (b) Mahendravarman-I (c) Narasinghavarman-I (d) Parameshwarvarman-I

66. Which of the following processes does not increase the amount of carbon dioxide in air?
(a) aerobic decay of vegetation (b) breathing (c) photosynthesis (d) burning of petrol

67. A copper disc has a hole, if the disc is heated, the size of the hole:
(a) remains un changed (b) increases (c) first increases and then decreases (d) decreases

68. The Swarajya Party was formed following the failure of:
(a) Champaran Satyagraha (b) Non-Cooperation Movement (c) Civil Disobedience Movement (d) Quit India Movement

69. The Vice-President is the ex-officio Chairman of the:
(a) Planning Commission (b) National Development Council (c) Rajya Sabha (d) Lok Sabha

এরপর চোদ্দোর পাতায়

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সির মাধ্যমে রাজ্য সরকারের

## খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

56(b): শব্দের (6 মিনিট – 5 মিনিট 52 সেকেন্ড) = 8 সেকেন্ডের দূরত্ব লোকটির 5 মিনিট 52 সেকেন্ড বা 352 সেকেন্ডের যাত্রাপথের সমান

শব্দ 8 সেকেন্ডে যায় = (330 × 8) = 2640 মিটার

∴ লোকটির গতি ঘণ্টায় = $\frac{2640}{352} \times \frac{18}{5} = 27$ কিমি।

57(c): গাড়ি ও ঘোড়ার দামের অনুপাত = (20 – 2) : (10 + 2) = 3 : 2

∴ ঘোড়ার দাম = $\left(500 \times \frac{2}{5}\right) = 200$ টাকা।

58(c): 1 বছর পর মোট সুদ-আসল = $\left\{(100+10)+\left(100+12\frac{1}{2}\right)\right\}\%$

$= 222\frac{1}{2}\%$ বা, $\frac{89}{40}$ অংশ

এখানে $\frac{89}{40}$ অংশ = 17,800 টাকা

1 অংশ = $17{,}800 \times \frac{40}{89} = 8{,}000$ টাকা।

59(d): ঘড়ির ক্রয়মূল্য = x টাকা ধরা হলে,

$\left(x-\frac{x}{11}\right)+100=(x+30)\times\frac{6}{5}$ বা, $\frac{10x}{11}-\left(\frac{6x+180}{5}\right)=100$

বা, 16x = 3520 ∴ x = 220 টাকা।

60(d): (5 – 2)

বা, 3 বছরের সুদ = (1562.50 – 1375) = 187.50 টাকা

তাহলে, 2 বছরের সুদ = $\left(187.50\times\frac{2}{3}\right) = 125$ টাকা

∴ আসল = (1375 – 125) = 1250 টাকা এবং 20 বছরের সুদ = (125 × 10) = 1250 টাকা

∴ 20 বছরের সুদ আসল = (1250 + 1250) = 2500 টাকা।

61(d): A-এর সঞ্চয় = (100 – 90) = 10% এবং

B-এর সঞ্চয় = (100 – 80) = 20%

অর্থাৎ A-র 10% : B-এর 20% = 3 : 4

∴ A ও B-এর আয়ের অনুপাত = $\left(3\times\frac{100}{10}\right):\left(4\times\frac{100}{20}\right) = 3:2$

∴ A-র বেতন = $9000 \times \frac{3}{(3+2)} = 5400$ টাকা।

62(b): নির্ণেয় গড় বয়স = $\left(\frac{1\times8+2\times5}{1+2}\right) = 6$ বছর।

63(d): নতুন ছাত্রের বয়স = 10 বছর + (24 × 2) মাস = 14 বছর।

64(d): A-এর লভ্যাংশ = (520 + 40) ÷ 2 = 280 টাকা এবং

B-এর লভ্যাংশ = (520 – 280) = 240 টাকা

A ব্যবসায়ে x টাকা বিনিয়োগ করেছিল ধরা হলে,

$\frac{4x}{3(x+200)} = \frac{280}{240}$ বা, $\frac{4x}{3x+600} = \frac{7}{6}$

বা, 24x – 21x = 4200 x = 1400 টাকা।

65(a): প্রথমে দস্তার ও তামার অনুপাত ছিল = 5 : 3

পরে অনুপাত হয় = 2 : 1 বা, 6 : 3

∴ দস্তা মেশাতে হবে = $16 \times \frac{(6-5)}{(5+3)} = 2$ কিলোগ্রাম।

66(c): 50 লিটার মিশ্রণে জল $\left(50\times\frac{25}{125}\right) = 10$ লিটার ও গ্লিসারিন 40 লিটার

ধরি, মিশ্রণে x লিটার গ্লিসারিন ঢালা হল

তাহলে, $\frac{40+x}{10} = \frac{(100-5)}{5}$ বা, 40 + x = 190

∴ x = 150 লিটার।

67(a): তৃতীয় পাত্রের স্পিরিট ও জলের অনুপাত

$\left(\frac{5}{7}+\frac{4}{5}\times2\right):\left(\frac{2}{7}+\frac{1}{5}\times2\right) = \left(\frac{25+56}{35}\right):\left(\frac{10+14}{35}\right) = 27:8.$

68(a): A একা = (5 × 12) = 60 ঘণ্টায় করে

B একা (4 × 10) = 40 ঘণ্টায় করে

∴ মোট কাজ = 120 [∵ 60 ও 40 এর ল.সা.গু. = 120]

A এক ঘণ্টায় করে = $\frac{120}{60} = 2$টি কাজ

B এক ঘণ্টায় করে = $\frac{120}{40} = 3$টি কাজ

∴ A + B, 6 ঘণ্টায় করে = (3 + 2) × 6 = 30টি কাজ

∴ মোট সময় = $\frac{120}{30} = 4$ দিন।

69(c):

+ 10% (প্রথম থেকে তৃতীয়), 25% (দ্বিতীয় থেকে তৃতীয়)

| প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|
| 110 | 125 | 100 |

প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যা অপেক্ষা কম = $\frac{(125-110)}{125}\times100 = \frac{15}{125}\times100 = 12\%.$

70(b): তৃতীয় মিশ্রণে তামা ও দস্তার অনুপাত = $\left(\frac{2}{5}+\frac{5}{9}\right):\left(\frac{3}{5}+\frac{4}{9}\right)$

= 43 : 47.

71(a): আয়তাকার ঘরের দৈর্ঘ্য = x মিটার ও প্রস্থ = y মিটার ধরলে (x + 1) (y + 1) = xy + 21 বা, x + y = 20 এবং (x + 1) (y – 1) = xy – 5

বা, x – y = 4

∴ ঘরের দৈর্ঘ্য (x) = (20 + 4) ÷ 2 = 12 মিটার।

